# উন্নয়নের অগ্রযাত্রায় এক দশক

২০০৯-২০১৮

# ONE DECADE OF DEVELOPMENT

2009 - 2018

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Biman
BANGLADESH AIRLINES

Bangladesh Tourism Board
National Tourism Organization



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman

# বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত স্বাধীনতা লাভের পর বাংলাদেশের বেসামরিক বিমান চলাচল সংক্রান্ত কার্যক্রম তৎকালীন যোগাযোগ মন্ত্রণালয় এবং পর্যটন সংক্রান্ত কার্যক্রম বাণিজ্য মন্ত্রণালয়ের অধীনে সম্পাদিত হতো। ১৯৭২ সালের সেপ্টেম্বর মাসে বিমান পরিবহন বিভাগ সৃষ্টি করে এ বিভাগকে 'জাহাজ চলাচল, অভ্যন্তরীণ নৌ-পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়'-এর আওতাভুক্ত করা হয়। ১৯৭৬ সালের জানুয়ারি মাসে পুনরায় এ মন্ত্রণালয়কে যোগাযোগ মন্ত্রণালয়ের একটি বিভাগ হিসাবে রূপান্তর করা হয়। ১৯৭৭ সালের ডিসেম্বর মাসে 'বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়' নামে পৃথক একটি মন্ত্রণালয় পুনঃপ্রতিষ্ঠা করা হয়। ১৯৮২ সালের ২৪শে মার্চ বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের অবলুপ্তি ঘটিয়ে এটি প্রতিরক্ষা মন্ত্রণালয়ের একটি বিভাগে পরিণত হয়। ১৯৮৬ সালে পুনরায় 'বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়' নামে এ মন্ত্রণালয় পৃথক একটি মন্ত্রণালয় হিসাবে কার্যক্রম শুরু করে।

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহ :**

(১) বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;
(২) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড;
(৩) বাংলাদেশ পর্যটন করপোরেশন;
(৪) বাংলাদেশ ট্যুরিজম বোর্ড;
(৫) বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড; এবং
(৬) হোটেলস ইন্টারন্যাশনাল লিমিটেড।

**বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ :**

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ বাংলাদেশের অভ্যন্তরে এভিয়েশন সংশ্লিষ্ট সকল কর্মকাণ্ডের নিয়ন্ত্রক সংস্থা। ১৯৭১ সালের ডিসেম্বরে ডিপার্টমেন্ট অব সিভিল এভিয়েশন (DCA)-এর অধীনে সর্বপ্রথম স্বাধীন বাংলাদেশের এভিয়েশন কর্মকাণ্ডের সূচনা হয়। পরবর্তীকালে সিভিল এভিয়েশন অথরিটি অধ্যাদেশ ১৯৮৫ (অধ্যাদেশ নং XXXIII, ১৯৮৫) এর ক্ষমতাবলে ১৯৮৫ সালের ০১ অক্টোবর ডিপার্টমেন্ট অব সিভিল এভিয়েশন (DCA) ও সাবেক এয়ারপোর্ট ডেভেলপমেন্ট এজেন্সি (ADA)-কে একীভূত করে বর্তমান বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক) গঠন করা হয়। সাংগঠনিক দিক থেকে এটি একটি পাবলিক সার্ভিস এন্টারপ্রাইজ। কর্মপ্রকৃতির দিক থেকে এটি প্রধানত একটি এভিয়েশন রেগুলেটরি বডি, দ্বিতীয়ত এয়ারপোর্ট অপারেটর ও তৃতীয়ত এয়ার ন্যাভিগেশন সার্ভিস প্রভাইডার।

**বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড:**

স্বাধীন সার্বভৌম বাংলাদেশ প্রতিষ্ঠার পর ১৯৭২ সালের ০৪ জানুয়ারি বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড 'এয়ার বাংলা ইন্টারন্যাশনাল' নামে যাত্রা শুরু করে। ভারত সরকারের কাছ থেকে উপহার পাওয়া একটি বিমানের মাধ্যমে ০৪ ফেব্রুয়ারি ১৯৭২ অভ্যন্তরীণ রুটে এবং এর একমাস পরে আন্তর্জাতিক ঢাকা-লন্ডন রুটে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড-এর প্রথম যাত্রা। ১৯৭২ সালের ২৯ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান 'এয়ার বাংলা ইন্টারন্যাশনাল'-কে 'বাংলাদেশ বিমান' হিসাবে নামকরণ করেন।

**বাংলাদেশ পর্যটন করপোরেশন ও বাংলাদেশ ট্যুরিজম বোর্ড:**

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন সংস্থা 'বাংলাদেশ পর্যটন করপোরেশন' একটি স্ব-শাসিত বাণিজ্যিক সংস্থা। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর উদ্যোগে ১৯৭২ সালের নভেম্বর মাসে মহামান্য রাষ্ট্রপতির আদেশ নং-১৪৩ মূলে 'বাংলাদেশ পর্যটন করপোরেশন' গঠিত হয় এবং ১৯৭৩ সালের ০১ জানুয়ারি এর কার্যক্রম শুরু হয়। স্বাধীনতা লাভের পর সাবেক ডিপার্টমেন্ট অব ট্যুরিজম হতে প্রাপ্ত জনবল ও সকল স্থাবর-অস্থাবর সম্পত্তি নবগঠিত বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর উপর ন্যস্ত হয়। পরবর্তীতে, অমিত সম্ভবনাময় এবং বৈচিত্র্যপূর্ণ পর্যটন শিল্পকে বিশ্বব্যাপী প্রচারের উদ্দেশ্যে এবং পর্যটন গন্তব্য হিসেবে প্রতিষ্ঠা করার লক্ষ্যে বর্তমান সরকার 'বাংলাদেশ পর্যটন বোর্ড আইন, ২০১০' প্রণয়নপূর্বক 'বাংলাদেশ ট্যুরিজম বোর্ড' গঠন করে । এ বোর্ড সেপ্টেম্বর ২০১০ মাস থেকে কার্যক্রম শুরু করেছে।

# Ministry of Civil Aviation & Tourism

After getting Independence of Bangladesh achieved through the great liberation war, civil aviation related issue was placed under the Ministry of Communication and tourism related issue was placed under the Ministry of Commerce. Civil Aviation Division was established on September, 1972 and was placed under the 'Ministry of Shipping, Inland River Transport and Tourism'. This Ministry again transformed as a Division of the Ministry of Communication on January, 1976. A separate ministry in the name of 'Ministry of Civil Aviation and Tourism' was reformed on December, 1977. 'Ministry of Civil Aviation and Tourism' was abolished again on 24 March, 1982 and placed under the Ministry of Defense as a division. In the year 1986 'Ministry of Civil Aviation and Tourism' was established again as a separate ministry.

**Subordinate Departments under the Ministry of Civil Aviation and Tourism :**

1) Civil Aviation Authority of Bangladesh;
2) Biman Bangladesh Airlines Limited;
3) Bangladesh Parjatan Corporation;
4) Bangladesh Tourism Board;
5) Bangladesh Services Limited; and
6) Hotels International Limited.

**Bangladesh Civil Aviation Authority :**

Bangladesh Civil Aviation Authority has the authority of controlling aviation related activities in the country. After independence, civil aviation activities started under the department of Civil Aviation (DCA). Later on according to 'Civil Aviation Authority Ordinance, 1985', Department of Civil Aviation (DCA) and former Airport Department Agency (ADA) have been united and present Civil Aviation Authority was formed. As an organization, it is a public service enterprise. By the nature of work, this is mainly aviation regulatory body, secondly airport operator and thirdly air navigation service provider.

**Biman Bangladesh Airlines :**

After liberation, Bangladesh Biman started on 04 January, 1972 in the name of 'Air Bangla International'. This airline launched by a gifted aircraft of Indian Government on 04 February,1972 in domestic route and one month later in Dhaka- London international route. Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman renamed 'Air Bangla International' as 'Bangladesh Biman' on 29 March, 1972.

**Bangladesh Parjatan Corporation & Bangladesh Tourism Board :**

Bangladesh Parjatan Corporation is an autonomous commercial body under Ministry of Civil Aviation and Tourism. This was formed by the initiative of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman on November,1972 on the basis of Presidential Order no. 143 and activities of this Corporation started on 01 January,1973. After getting independence of the country all manpower, moveable and immoveable assets of former Departments of Tourism were vested to newly formed Bangladesh Parjatan Corporation. Later on, in the view of introducing immeasurable, potential and diversified tourism sector of the country on worldwide and to make it tourist destination, present government enacted 'Bangladesh Tourism Board Act, 2010' and formed 'Bangladesh Tourism Board'. This Board started on September, 2010.

# উন্নয়নের অগ্রযাত্রায় এক দশক

২০০৯-২০১৮

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# ONE DECADE OF DEVELOPMENT

2009 - 2018

Ministry of Civil Aviation & Tourism
Government of the People's Republic of Bangladesh



# বাণী

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় বর্তমান সরকারের গত ১০(দশ) বছরের সাফল্য নিয়ে মন্ত্রণালয়ের পক্ষ থেকে একটি প্রকাশনা হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত।

এ প্রকাশনার মাধ্যমে বর্তমান সরকারের গতিশীলতা, উন্নয়ন কর্মকাণ্ডে আন্তরিকতা এবং জনকল্যাণ মুখিতা সম্পর্কে দেশবাসীর সামনে একটি চিত্র উপস্থাপনে সক্ষম হবে বলে আমি বিশ্বাস করি। সরকার ঘোষিত 'রূপকল্প-২০২১' বাস্তবায়নের লক্ষ্যে এ মন্ত্রণালয়ের মাধ্যমে বাংলাদেশের বিমান পরিবহন ব্যবস্থাপনা ও পর্যটন শিল্পের উন্নয়নের লক্ষ্যে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের নানামুখী উদ্যোগের ফলে এভিয়েশন ও পর্যটন শিল্প এখন দেশের অর্থনৈতিক উন্নয়ন ও কর্মসংস্থান সৃষ্টির অন্যতম হাতিয়ারে পরিণত হয়েছে।

পর্যটন শিল্পের অমিত সম্ভাবনাকে কাজে লাগিয়ে বাংলাদেশকে একটি পর্যটন গন্তব্য হিসেবে প্রতিষ্ঠিত করতে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড গঠন, এক্সক্লুসিভ ট্যুরিস্ট জোন স্থাপন, পর্যটন বর্ষ উদ্‌যাপন, বাংলাদেশকে ব্র্যান্ডিং করতে বিশ্বের বিভিন্ন দেশে অনুষ্ঠিত পর্যটন মেলায় অংশগ্রহণ, দেশের বিভিন্ন ট্যুরিস্ট স্পটসমূহে ভৌত অবকাঠামোগত উন্নয়নসহ UNWTO, PATA সহ বিভিন্ন আন্তর্জাতিক পর্যটন সংস্থাসমূহের অসংখ্য প্রোগ্রাম ও সফলভাবে বুদ্ধিস্ট সার্কিট সম্মেলন করার মাধ্যমে বাংলাদেশ এখন বিশ্ব পর্যটনে পরিচিত একটি দেশ।

অন্যদিকে বাংলাদেশকে এ অঞ্চলের একটি এভিয়েশন হাব হিসেবে গড়ে তুলতে 'বঙ্গবন্ধু শেখ মুজিব আন্তর্জাতিক বিমান বন্দর' স্থাপন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের থার্ড টার্মিনাল স্থাপনসহ দেশের বিভিন্ন স্থানে নতুন বিমান বন্দর নির্মাণ ও বিদ্যমান বিমান বন্দরসমূহের সক্ষমতা বৃদ্ধিতে দুর্বার গতিতে কাজ চলছে। বিমান বহরে যোগ হয়েছে অত্যাধুনিক বিমান, চালু হয়েছে ঐতিহ্যবাহী হোটেল ইন্টারকন্টিনেন্টাল, অনলাইনে নিয়ে আসা হয়েছে ট্রাভেল এজেন্সির কার্যক্রম।

আমি এ প্রকাশনার সাফল্য কামনা করি এবং এর সাথে সম্পৃক্ত সবাইকে আন্তরিক ধন্যবাদ জানাই।

**এ. কে. এম. শাহজাহান কামাল**, এমপি
**মন্ত্রী**
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



# Message

I am very glad to know that the Ministry of Civil Aviation and Tourism is going to publish a booklet on the development and success of the last 10 (ten) years tenure of the Government.

I firmly believe that the people will get a clear picture and idea of sincere development activities and dynamic people oriented activities of present Government.

The present government made a wide scope of economic development and employment in aviation and tourism sectors through different initiatives for development of aviation management.

Bangladesh Tourism Board has been constituted to establish Bangladesh as a universal sport for tourism. Bangladesh has already become a well known destination of tourism through the observation of 'Tourism Year', Branding Bangladesh, arranging and participating different programs of UNWTO, PATA and conference of Buddhist Circuits Tourism etc.

The initiative for the establishment of a new airport named by 'Bangabandhu Sheikh Mujib International Airport' is progressing very fast in view of making Bangladesh a great hub in aviation sector. The construction work of third terminal of Hazrat Shahjalal international Airport, new airports and increasing the capacity of existing airports has been intensified. Most modern aircrafts have been included in the fleet of Bangladesh Biman Modernization and renovation of Hotel International continental has been completed. The online Travel Agency registration and renewal system has been introduced.

I wish every sucess of the publication of this booklet.

**A. K. M. Shahjahan Kamal, MP**
**Minister**
**Ministry of Civil Aviation and Tourism**
Govt. of the People's Republic of Bangladesh



# বাণী

সরকারের ঘোষণা অনুযায়ী বাংলাদেশকে ২০৪১ সালের মধ্যে একটি উন্নত দেশে পরিণত করার লক্ষ্যে 'বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়' বিমান পরিবহন সেবা ও পর্যটন শিল্পের উন্নয়ন ও বিকাশে নানাবিধ কার্যক্রম বাস্তবায়ন করছে। গত দশ বছরে (২০০৯-২০১৮) এ মন্ত্রণালয়ের বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে সম্পাদিত উলেখযোগ্য অর্জনসমূহ দেশবাসীর সামনে তুলে ধরে 'উন্নয়নের অগ্রযাত্রায় এক দশক' নামে একটি পুস্তিকা প্রকাশিত হচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত।

বহুমাত্রিক পর্যটন সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকল্পে গত দশ বছরে বাংলাদেশ পর্যটন কর্পোরেশন কুয়াকাটা, রাঙ্গামাটি, কান্তজীর মন্দির, জাফলং, চট্টগ্রামসহ বিভিন্ন পর্যটন এলাকায় অবকাঠামো নির্মাণ/পুনর্নির্মাণ করেছে। এ ছাড়া অমিত সম্ভবনাময় পর্যটন শিল্পের বিকাশে সরকার 'বাংলাদেশ পর্যটন সংরক্ষিত এলাকা ও বিশেষ পর্যটন অঞ্চল আইন, ২০১০' ও এর বিধিমালা এবং 'জাতীয় পর্যটন নীতিমালা, ২০১০' প্রণয়ন করেছে। পর্যটন শিল্পকে বিশ্বদরবারে উপস্থাপন এবং বাংলাদেশকে দক্ষিণ এশিয়ার অন্যতম পর্যটন গন্তব্য হিসাবে প্রতিষ্ঠা করার লক্ষ্যে সরকার ২০১০ সালে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড প্রতিষ্ঠা করে। ইতোমধ্যে সংস্থাটি বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার সঙ্গে যৌথভাবে আন্তর্জাতিক মানের পর্যটন ইভেন্ট ও কনফারেন্স আয়োজন করেছে। ২০১৮ সালে বাংলাদেশ 10th Session of the Islamic Conference of Tourism Ministers (ICTM) সফলভাবে আয়োজন করে এবং ২০১৮-১৯ মেয়াদে ICTM-এর সভাপতি নির্বাচিত হয়ে বাংলাদেশ এক নতুন মাত্রায় উন্নীত হয়েছে।

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের মানোন্নয়ন, সম্প্রসারণ ও নিরাপত্তা ব্যবস্থার উন্নয়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বিমানবন্দরটিতে তৃতীয় টার্মিনাল নির্মাণের জন্য প্রকল্প গ্রহণ করা হয়েছে। কক্সবাজার বিমানবন্দরকে আন্তর্জাতিক বিমানবন্দরে উন্নীতকরণের লক্ষ্যে ৬ হাজার ৭৭৫ ফুট রানওয়েকে ৯ হাজার ফুটে বৃদ্ধি করা হয়েছে। সেখানে গত ০৬ মে ২০১৭ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা একটি সুপরিসর এয়ারক্র্যাফ্ট (বোয়িং ৭৩৭)-এর অবতরণ/উড্ডয়নের শুভ উদ্বোধন করেছেন। বেসামরিক বিমান চলাচল সংক্রান্ত কনভেনশন বাস্তবায়নের জন্য সংশিষ্ট দুটি আইন যুগোপযোগী করে 'বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭' এবং 'বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ আইন, ২০১৭' জারি করা করা হয়েছে। বাংলাদেশের পতাকাবাহী বিমান বাংলাদেশ এয়ারলাইনস্-এর বিমানবহরে গত দশ বছরে অত্যাধুনিক প্রযুক্তি সংবলিত কয়েকটি বিমান-যান সংযোজিত হয়েছে। সর্বশেষ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ০৫ সেপ্টেম্বর ২০১৮ তারিখে বোয়িং ৭৮৭-৮ ড্রিম লাইনার আকাশবীণা-এর শুভ উদ্বোধন করেন।

মন্ত্রণালয়ের অধীন সংস্থা হোটেল ইন্টারন্যাশনাল লিমিটেড এবং বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড যথাক্রমে পাঁচ তারকা প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেল ও ইন্টারকন্টিনেন্টাল ঢাকা (প্রাক্তন রূপসী বাংলা) পরিচালনা করছে। সংস্কার কাজ সমাপ্তির পর মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ১৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখে পাঁচ তারকা হোটেল ইন্টারকন্টিনেন্টাল ঢাকা-এর শুভ উদ্বোধন করেন।

প্রকাশনায় প্রদত্ত তথ্য-উপাত্ত বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় ও এর অধীন সকল সংস্থার গত দশ বছরে উন্নয়ন অগ্রযাত্রা সম্পর্কে সকলকে সম্যক ধারণা প্রদান করাসহ ভবিষ্যৎ পরিকল্পনা প্রণয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আমি মনে করি। 'উন্নয়নের অগ্রযাত্রায় এক দশক' নামের পুস্তিকাটি প্রণয়নের সঙ্গে সম্পৃক্ত সকলকে আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন জানাই।

**মোঃ মহিবুল হক**
সচিব
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়



# Message

I am very glad to know that 'One Decade of Development' has been published highlighting significant achievements of this ministry in the last ten years (2009-2018). For accomplishing the present government's vision to transform the country to a developed one by 2041, the 'Ministry of Civil Aviation and Tourism' has been implementing various activities for the development of air transport services and tourism industry.

In the last ten years, Bangladesh Parjatan Corporation has built/reconstructed infrastructures in different tourism areas including Kuakata, Rangamati, Kantaji Mandir, Jaflong, Chattogram for ensuring the proper use of multi-dimensional tourism resources. Besides, the government enacted 'Bangladesh Tourist Reservation Area and Special Tourism Areas Act, 2010' and its Rules and 'National Tourism Policy, 2010' to develop the ever promising tourism industry. Again, the government established the Bangladesh Tourism Board in 2010 to represent our tourism industry in the world and to establish Bangladesh as one of South Asia's major tourist destinations. This organization has organized many international standard tourism events and conferences with the assistance of other international organizations. In 2018, Bangladesh successfully organized the 10th Session of the Islamic Conference of Tourism Ministers (ICTM) and elected President of ICTM for the 2018-19 period which moved the country to a new level.

Bangladesh Civil Aviation Authority has been working relentlessly to improve the development, expansion and security of Hazrat Shahjalal international airport. One project has been taken to build a third terminal at that airport. Again, the runway has been increased from 6,775 feet of to 9 thousand feet for upgrading Cox's Bazar airport to an international airport. On May 06, 2017, honourable Prime Minister Sheikh Hasina inaugurated the landing/flight of a modern aircraft (Boeing 737) there. The government enacted the 'Civil Aviation Act, 2017' and 'Civil Aviation Authority Act, 2017' for the proper implementation of civil aviation conventions by modifying two former laws. The national flag carrier Biman Bangladesh Airlines added some of the most advanced aircraft in the last ten years. The latest Boeing 787-8 Dreamliner Aakashbeena inaugurated by the honourable Prime Minister Sheikh Hasina on 05 September 2018.

The Hotel International Limited and Bangladesh Services Limited operating five star Pan Pacific Sonargaon Hotel and five-star hotel Intercontinental Dhaka (former Ruposhi Bangla) working under this ministry. After completing the renovation works, honourable Prime Minister Sheikh Hasina inaugurated the InterContinental Dhaka on 13 September 2018.

The data and information provided in this publication, will furnish a good idea about the overall progress of this ministry and its entities in the last ten years and also will play an important role in formulating future plans. I sincerely thank and congratulate all involved in publishing 'One Decade of Development'.

**Md. Mohibul Haque**
Secretary
Ministry of Civil Aviation and Tourism

# বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

## সূচিপত্র


বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক): .................... ০১ – ১৬

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড: .................... ১৭ – ২৬

বাংলাদেশ পর্যটন কর্পোরেশন (বাপক): .................... ২৭ – ৩৬

বাংলাদেশ ট্যুরিজম বোর্ড (বিটিবি): .................... ৩৭ – ৪৪

বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড (বিএসএল): .................... ৪৫ – ৫৪

হোটেলস ইন্টারন্যাশনাল লিমিটেড (হিল): .................... ৫৫ – ৫৮


## INDEX


Civil Aviation Authority of Bangladesh (CAAB) .................... 01 - 16

Biman Bangladesh Airlines .................... 17 - 26

Bangladesh Parjatan Corporation (BPC) .................... 27 - 36

Bangladesh Tourism Board (BTB) .................... 37 - 44

Bangladesh Services Limited (BSL) .................... 45 - 54

Hotels International Limited (HIL) .................... 55 - 58




বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
Civil Aviation Authority of Bangladesh

10 YEARS OF DEVELOPMENT

## বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ


### ভূমিকা :

বাংলাদেশ বেসামরিক বিমানচলাচল কর্তৃপক্ষ (সিএএবি) পরিবহন সেক্টরের আওতাধীন একটি উচ্চ প্রযুক্তি সম্পন্ন কারিগরি সেবামূলক সংস্থা। এটি ১৯৮৫ সালে The Civil Aviation Authority Ordinance, 1985 জারির মাধ্যমে প্রতিষ্ঠিত হয়। এ কর্তৃপক্ষ The Civil Aviation Ordinance, 1960 এবং The Civil Aviation Rules, 1984 (CAR'84) দ্বারা পরিচালিত হয়ে আসছিল। ২০১৭ সালে আন্তর্জাতিক বেসামরিক বিমান চলাচল সংক্রান্ত কনভেনশন বাস্তবায়নের নিমিত্তে বেসামরিক বিমান চলাচলের সুরক্ষা, নিরাপত্তা, নিয়ন্ত্রণ এবং এতদ্‌সংশ্লিষ্ট বিষয়ে যুগোপযোগী বিধান করবার লক্ষ্যে The Civil Aviation Ordinance, 1960 রহিত করে বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ (The Civil Aviation Act, 2017) প্রণয়ন করা হয়। এ প্রসঙ্গে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষকে যুগোপযোগী করার লক্ষ্যে The Civil Aviation Authority Ordinance, 1985 কে রহিত করে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ আইন, ২০১৭ (The Civil Aviation Authority Act, 2017) প্রণয়ন করা হয়। এ কর্তৃপক্ষ বাংলাদেশের আকাশসীমায় ও বিমানবন্দরসমূহে উড্ডয়ন এবং অবতরনকারী সকল এয়ারক্রাফট বা উড়োজাহাজ-এর সুরক্ষা ও নিরাপত্তা নিশ্চিত করার দায়িত্ব পালন করে থাকে। উক্ত দায়িত্ব ও কর্তব্য পালনার্থে কর্তৃপক্ষ বিদ্যমান বিমানবন্দর, বিমান চলাচল সুবিধা, স্থাপনাসমূহ এবং এয়ার ট্রাফিক ম্যানেজমেন্ট (এটিএম) সেন্টার পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও উন্নয়নসহ, রেডিও ন্যাভ এইডস, কমিউনিকেশন, নেভিগেশন ও সার্ভিল্যান্স (সিএনএস) যন্ত্রাবলী সংস্থাপন এবং নতুন বিমানবন্দর ও এটিএম সেন্টার নির্মাণ করে থাকে।

## Civil Aviation Authority of Bangladesh

### Introduction

Civil Aviation Authority of Bangladesh (CAAB) is a high-tech service oriented technical organization under Transport Sector. This Authority was established in 1985 by making and promulgating The Civil Aviation Authority Ordinance, 1985. The Authority was functioning under The Civil Aviation Ordinance, 1960 and the Civil Aviation Rules, 1984 (CAR'84). To make safe, secure, protected and up-to-date regulations for the operation of civil aviation and also to update the provisions thereof for the implementation of the Convention on International Civil Aviation, an Act called The Civil Aviation Act, 2017 had been adopted by the Parliament on 04 Srabon 1424/ 19th July 2017 by repealing The Civil Aviation Ordinance, 1960. The Hon'ble President assented to the Act and it was published in the form of Gazette. In this connection, to make up-to-date, The Civil Aviation Authority Act, 2017 was also promulgated by repealing The Civil Aviation Authority Ordinance, 1985. CAAB's main objectives are to ensure safe and secure movement of all aircraft operating within the territorial air space of Bangladesh. In order to fulfill the duties and responsibilities vested upon, the authority builds new Airports, ATM Centers and operates, maintains, develops and manages existing Airports, Air Traffic Management (ATM) Centers, aviation facilities and other Communication, Navigation and Surveillance (CNS) installations.



## বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের গত ১০ বছরের উন্নয়ন কর্মকান্ডের তথ্যাদি

## 10 Years of Development of Civil Aviation Authority of Bangladesh

### হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের আপগ্রেডেশন প্রকল্প (ট্যাক্সিওয়ের উন্নয়ন কাজ) :

● হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ট্যাক্সিওয়ে আধুনিকায়নের জন্য ডেনিশ ক্রেডিট ও সিএএবি এর নিজস্ব অর্থায়নে জুন/২০১৫ তে ৫৪৮.৬১ কোটি টাকা ব্যয়ে "হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের আপগ্রেডেশন" শীর্ষক প্রকল্পটি বাস্তবায়ন করা হয়।

● প্রকল্পের আওতায় ট্যাক্সিওয়ে পুনর্নির্মাণ, ট্যাক্সিওয়ে লাইটিং সিস্টেম স্থাপন, বিমানবন্দরের ড্রেনেজ সিস্টেম উন্নয়নসহ অন্যান্য কাজ সম্পন্ন করা হয়েছে। এ প্রকল্প বাস্তবায়নের ফলে, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে বিদ্যমান ১৩৫৭৩৫.০০ বর্গ মিটার ট্যাক্সিওয়ের পিসিএন ৪০ থেকে ১২০-এ উন্নীত হয়েছে। ফলে, বিমানযানের উড্ডয়ন-অবতরণ সুবিধাদি বৃদ্ধি পেয়েছে।

● এ আধুনিকায়নের ফলশ্রুতিতে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ট্যাক্সিওয়ে ক্যাটাগরি 'ডি' থেকে 'ই'-তে উন্নীত হয়েছে। এ প্রকল্পটি হযরত শাহাজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের আধুনিকায়নের একটি মাইলফলক।

### Upgradation of Hazrat Shahjalal International Airport:

● Upgradation of Hazrat Shahjalal International Airport was completed in June 2015 at the cost of Tk. 548.61crore with Danish Mixed Credit and CAAB's own fund for modernizing taxiways at Hazrat Shahjalal International Airport.

● Under the project, reconstruction of taxiways, installation of taxiway lighting system, development of airport drainage system and other related works had been completed. As a result, 135735.00 square metres taxiways strength at HSIA had been upgraded from PCN 40 to 120.

● As a result the taxiways category of HSIA had been upgraded from type 'D' to 'E'. This was a milestone in modernizing HSIA, Dhaka




মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ট্যাক্সিওয়ে উন্নয়ন কাজের শুভ উদ্বোধন
Inauguration Ceremony of Upgradation works of HSIA, Dhaka

## হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের প্যাসেঞ্জার এপ্রোনকে ফক্সট্রট ট্যাক্সিওয়ে হতে পশ্চিমে এবং বিদ্যমান রপ্তানী কার্গো এপ্রোনকে উত্তর দিকে বর্ধিতকরণ প্রকল্প :

● সিএএবি'র নিজস্ব তহবিল এর আওতায় ৪৯.৮৪ কোটি টাকা প্রাক্কালিত ব্যয় সাপেক্ষে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের প্যাসেঞ্জার এপ্রোন-কে ফক্সট্রট ট্যাক্সিওয়ে হতে পশ্চিমে এবং বিদ্যমান রপ্তানী কার্গো এপ্রোন-কে উত্তর দিকে বর্ধিতকরণ শীর্ষক প্রকল্পটি মার্চ ২০১৪-এ বাস্তবায়িত হয়েছে।

● প্রকল্পটি বাস্তবায়িত হওয়ায় বিমানবন্দরের এপ্রোন-এ ০৪ (চার)টি সুপরিসর প্যাসেঞ্জার এয়ারক্রাফট ও ০২ (দুই) টি সুপরিসর কার্গো এয়ারক্রাফট এর পার্কিং সুবিধা সৃষ্টি হয়েছে।

## Extension of Passenger Apron from foxtrot taxiway towards west and Export Cargo Apron from northern side of the existing Export Cargo Apron at Hazrat Shahjalal International Airport:

● Extension of Passenger Apron from Foxtrot taxiway towards west and export Cargo apron from northern side of the existing Export Cargo Apron at Hazrat Shahjalal International Airport project was completed in March 2014 under CAAB's own fund at the cost of Tk. 49.84 crore.

● After the completion of the project, parking facilities of 4 (four) wide body aircraft and 2 (two) cargo aircraft had been created at HSIA, Dhaka.

## বাংলাদেশের বিমানবন্দরসমূহের সেফটি এবং সিকিউরিটি ব্যবস্থার উন্নয়ন :

● জাইকার অনুদান ও সিএএবি এর নিজস্ব অর্থায়নে আলোচ্য প্রকল্প কাজ জুন ২০১৭-এ ২০৪.৮৬ কোটি টাকা ব্যয়ে সম্পন্ন করা হয়।

● আকাশপথে দেশের উপকূলীয় এলাকায় নিরাপত্তা বৃদ্ধির লক্ষ্যে চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে প্রাইমারি ও সেকেন্ডারি রাডার সরবরাহ ও সংস্থাপন করা হয়েছে।

● যশোর ও সৈয়দপুর বিমানবন্দরে ডিভিওআর এবং ডিএমই সরবরাহ ও সংস্থাপন করা হয়েছে।

● সকল ইক্যুইপমেন্ট বর্তমানে অপারেশনে রয়েছে।

## Airport Safety and Security System Improvement in Bangladesh:

● The project was completed in June 2017 under JICA grant-aid and CAAB's own fund at the cost of Tk. 204.86 crore.

● In order to increase safety in the air space of coastal area of the country 1 (one) set of Primary and Secondary Radar had been installed at Shah Amanat International Airport (SAIA), Chattogram.

● 1 (one) set of DVOR and DME had been installed at both Jashore Airport and Saidpur Airport

● All these equipment under this project are currently in operation.



হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ঢাকায় নবনির্মিত এপ্রোন, ঢাকা
Newly Constructed Apron at Hazrat Shahjalal International Airport, Dhaka.

## বাংলাদেশের আন্তর্জাতিক বিমানবন্দরসমূহের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে জরুরি সরঞ্জামাদি সরবরাহ ও সংস্থাপন :

- আলোচ্য প্রকল্পটির বাস্তবায়ন কাজ জিওবি-এর অর্থায়নে ডিসেম্বর ২০১৭ তে ৭৫.৭২ কোটি টাকা ব্যয়ে সম্পন্ন করা হয়।
- কার্গো স্ক্যানিং ইউরোপিয়ান কমপ্লায়ান্ট করার জন্য হশাআবি-তে ০২টি এক্সপ্লোসিভ ডিটেকসন সিস্টেম (ইডিএস) সংস্থাপন করা হয়েছে এবং এর মাধ্যমে এয়ার কার্গোর নিরাপত্তা যুগোপযোগী করা হয়েছে।

## Supply and Installation of Essential Equipment for Enhancement of Security System at International Airports of Bangladesh:

- The project was completed in December 2017 under GOB fund at the cost of Tk.75.72 crore.
- 2 Explosive Detection System (EDS) were installed at HSIA Cargo Village to make the cargo scanning European Compliant. As a result, cargo security had been improved.

## হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর সম্প্রসারণ প্রকল্প (৩য় টার্মিনাল) :

- প্রকল্প ব্যয় মোট- ১৩৬১০.৪৬ কোটি টাকা (জিওবি ২৩৯৫.৬৮ + পিএ ১১২১৪.৭৮ কোটি)
- বাস্তবায়নকাল জুলাই ২০১৬-জুন ২০২২।
- গত ২৪-১০-২০১৭ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় প্রকল্পটি অনুমোদিত হয়।

## Hazrat Shahjalal International Airport Expansion Project (3rd Terminal):

- Project cost is Tk13610.46 crore (GOB 2395.68 crore +PA 11214.78 crore )
- Implementation Period: July 2016 to June 2022.
- The project was approved on 24-10-2017 in ECNEC meeting.

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে নির্মিতব্য ৩য় টার্মিনাল

3rd Terminal at Hazrat Shahjalal International Airport to be constructed



## কক্সবাজার বিমানবন্দর উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) :

- দেশের ক্রমবর্ধমান পর্যটন শিল্পের বিষয়টি বিবেচনা করে কক্সবাজার বিমানবন্দরকে আন্তর্জাাতিক বিমানবন্দরে উন্নীতকরনের লক্ষ্যে 'কক্সবাজার বিমানবন্দর উন্নয়ন (১ম পর্যায়)' শীর্ষক প্রকল্প বাস্তবায়নের কাজ চলছে।
- মাননীয় প্রধানমন্ত্রী ০৬ মে ২০১৭ তারিখে এ বিমানবন্দরে বোয়িং ৭৩৭-এর শুভ উদ্বোধন ঘোষণা করেন।

## Development of Cox's Bazar Airport (Phase-I):

- Considering the rapidly increasing demand of tourism sector, a project named 'Development of Cox's Bazar Airport (1st phase)' is under- going in order to develop it as an international airport.
- Honourable Prime Minister inaugurated the operation of wide body aircraft (Boeing-737) at this airport on 06-05-2017.



কক্সবাজার বিমানবন্দরে সম্প্রসারিত রানওয়ে (শক্তি বৃদ্ধিসহ)

Extended runway of Cox's Bazar Airport (with increased strength)

## কক্সবাজার বিমানবন্দরে আন্তর্জাতিক প্যাসেঞ্জার টার্মিনাল ভবন নির্মাণ :

- কক্সবাজার বিমানবন্দরের আধুনিকায়নের অংশ হিসাবে বিমানবন্দরে আন্তর্জাতিক ফ্লাইট চালুর জন্য ইন্টেরিম আন্তর্জাতিক প্যাসেঞ্জার টার্মিনাল ভবন নির্মাণের লক্ষ্যে কর্তৃপক্ষের নিজস্ব অর্থায়নে ২৬৫.৭০ কোটি টাকা প্রাক্কালিত ব্যয় সাপেক্ষে এ প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।
- এ প্রকল্পের আওতায় ১০৯১২.৪৯ বর্গমিটার টার্মিনাল ভবন নির্মাণ করা হবে।
- প্রকল্পটি ডিসেম্বর ২০১৮ নাগাদ বাস্তবায়নের জন্য নির্ধারিত।

## Construction of an international passenger terminal building at Cox's Bazar Airport:

- To operate international flights at Cox's Bazar Airport a project named "Construction of an international passenger terminal building at Cox's Bazar Airport" under CAAB's own fund is going on at the cost of Tk.265.70 crore.
- 10912.49 Sqm. Terminal Building will be constructed under this project.
- The project will be completed within December 2018.

## হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকায় সিএএবি-এর সদর দপ্তর ভবন নির্মাণ :

প্রকল্প ব্যয় মোট- ১৪৭.৯৫ কোটি টাকা। নিজস্ব অর্থায়নে ১০ তলা অত্যাধুনিক সদর দপ্তর নির্মান কাজ ডিসেম্বর ২০১৮-এ শেষ হবে।

## Construction of CAAB Headquarters Complex at Hazrat Shahjalal International Airport, Kurmitola, Dhaka:

Project Cost is Tk.147.95 core, a Modern 10 storied Headquarter building of Civil Aviation Authority of Bangladesh is being constructed and will be completed by December 2018.



নির্মাণাধীন সিএএবি সদর দপ্তর ভবন

CAAB Headquarters Complex at Hazrat Shahjalal International Airport, Dhaka.

## চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে কার্গো টার্মিনাল ভবনের সন্মুখে কার্গো এপ্রোন নির্মাণ :

- আলোচ্য প্রকল্পটি বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক)-এর নিজস্ব অর্থায়নে সেপ্টেম্বর ২০১৮ তে ৬৮.৭৯ কোটি টাকা ব্যয়ে সম্পন্ন করা হয়েছে।
- প্রকল্পের আওতায় ৩৭৩২৪ বর্গমিটার এপ্রোন নির্মানের মাধ্যমে ০৩ টি সুপরিসর কার্গো বিমানের পার্কিং সুবিধা বৃদ্ধি করা হয়েছে।

## Construction of Cargo Apron in front of Cargo Terminal Building at Shah Amanat International Airport, Chattogram:

- This project has been completed in September 2018 under CAAB's own fund at the cost of Tk. 68.79 crore.
- Parking facilities of 03 wide body cargo aircraft have been created after the construction of 37324 Sqm. cargo apron under this project.

## হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে বিদ্যমান এক্সপোর্ট কার্গো এপ্রোনের উত্তর দিকে এপ্রোন সম্প্রসারণ (২য় পর্যায়) :

- কর্তৃপক্ষের নিজস্ব অর্থায়নে বাস্তবায়নের নিমিত্তে ১৭৫.৬৩ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়নের কার্যক্রম হাতে নেয়া হয়েছে।
- এ প্রকল্পের আওতায় ৭৩৫৪৮ বর্গমিটার কার্গো এপ্রোন নির্মাণ করা হবে।
- প্রকল্পটি বাস্তবায়নের পর ০৪টি সুপরিসর কার্গো এয়ারক্রাফট (১টি ই-টাইপ এবং ৩টি ডি টাইপ) পার্কিং সুবিধা সৃষ্টি হবে।

## Extension of apron towards north of the existing export cargo apron at Hazrat Shahjalal International Airport (Phase-II):

- This project has been undertaken at CAAB's own fund at the cost of Tk.175.63 crore.
- 73548 Sqm. cargo apron will be constructed under this project.
- After the completion of the project Parking facilities of 04 wide body cargo aircraft (1 E-type, 3 D-type) will be constructed.

## হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে জেনারেল এভিয়েশন হ্যাঙ্গার, হ্যাঙ্গার এপ্রোন এবং ফায়ার স্টেশনের উত্তর দিকে এপ্রোন নির্মাণ প্রকল্প :

- কর্তৃপক্ষের নিজস্ব অর্থায়নে বাস্তবায়নের নিমিত্তে ৪৩০.৮০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয় সাপেক্ষে প্রকল্পটি বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।
- জেনারেল এভিয়েশন হ্যাঙ্গার, হ্যাঙ্গার এপ্রোন, নতুন পার্কিং এরিয়া এবং ৫ তলা বিশিষ্ট ৫০০০ বর্গমিটার ভবন নির্মাণ করা হবে। সকল প্রাইভেট বিমান কোম্পানী এই হ্যাঙ্গার ব্যবহার করতে পারবে ।



শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে নির্মিত কার্গো এপ্রোন

Cargo Apron in front of Cargo Terminal Building at Shah Amanat International Airport

## Construction of Genaral Aviation Hangar, Hangar Apron & Apron at North side of Fire Station at Hazrat Shahjalal International Airport, Dhaka:

- This project has been taken in hand under CAAB's own fund at the cost of Tk. 430.80 crore.
- 23589 Sqm Genaral Aviation Hangar, 65068.55 Sqm Hangar Apron, 29988 Sqm new parking area as well as a 5 storied 5000 Sqm building will be constructed under this project.

## যশোর বিমানবন্দরে টার্মিনাল ভবন নির্মাণ প্রকল্প :

- প্রকল্প ব্যয় ৩২.৮৯ কোটি টাকা।
- বিল্ডিং-এর ক্যাপাসিটি ৩০০ জন হতে বৃদ্ধি করে ৬০০ জনে-এ উন্নীতকরণ।
- ইতোমধ্যে ঠিকাদার নিয়োগ ও চুক্তি সম্পাদিত হয়েছে।
- বর্তমানে বাস্তব কাজ চলছে।

## Construction of Terminal Building at Jashore Airport:

- Project cost is Tk. 32.89 crore.
- Capacity of the building will be increased from 300 to 600 persons.
- Already contract agreement has been signed.
- At present, physical work is going on.

## সৈয়দপুর বিমানবন্দরে টার্মিনাল ভবন নির্মাণ প্রকল্প :

- প্রকল্প ব্যয় ৩১.১৮ কোটি টাকা।
- বিল্ডিং-এর ক্যাপাসিটি ৩১০ জন হতে বৃদ্ধি করে ৬৭০ জনে-এ উন্নীতকরণ।
- ইতোমধ্যে ঠিকাদার নিয়োগ ও চুক্তি সম্পাদিত হয়েছে।
- বর্তমানে বাস্তব কাজ চলছে।

## Construction of Terminal Building at Saidpur Airport:

- Project cost is Tk. 31.18 crore.
- Capacity of the building will be increased from 310 to 670 persons.
- Contract agreement has already been signed.
- At present, physical work is going on.

## যশোর বিমানবন্দরে আইএলএস সরবরাহ ও সংস্থাপন কাজ :

- এ বিমানবন্দরে নিরাপদে বিমান উড্ডয়ন অবতরণ ব্যবস্থাকে অধিকতর নিরাপদ করার জন্য এক সেট ইন্সট্রুমেন্ট ল্যান্ডিং সিস্টেম (আইএলএস) বসানোর পরিকল্পনা রয়েছে।
- ইতোমধ্যে সাইট সার্ভে কাজ সম্পন্ন করা হয়েছে।

## Installation of ILS at Jashore Airport:

- A set of Instrument Landing System (ILS) will be installed at Jashore Airport to enhance secure landing of aircraft.
- Already site survey work has been completed.

### অন্যান্য সাফল্য :

● যুক্তরাষ্ট্র, কানাডা, তুরস্ক ও জর্ডানের সাথে প্রথমবারের মতো দ্বিপাক্ষিক এয়ার সার্ভিসেস চুক্তি সম্পাদিত হয়েছে। বর্তমানে মোট ৫২টি দেশের সাথে বাংলাদেশের চুক্তি রয়েছে।

● ৭টি নতুন এয়ারলাইন্সসহ মোট ৩১টি বিদেশি এয়ারলাইন্স বাংলাদেশে ফ্লাইট পরিচালনা করছে।

● বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ কর্তৃক Remotely Piloted Aircraft System (RPAS)/Drone পরিচালনা সংক্রান্ত নীতিমালা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে www.caab.gov.bd ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

● Civil Aviation Authority Ordinance, ১৯৮৫ রহিতপূর্বক সময়োপযোগী করে নতুনভাবে প্রণয়নের উদ্দেশ্যে সিভিল এভিয়েশন অথরিটি এ্যাক্ট, ২০১৭ গত ১৯-০২-২০১৭ তারিখের গেজেটে প্রকাশিত হয়েছে।

● আন্তর্জাতিক বেসামরিক বিমান চলাচল সংক্রান্ত কনভেনশন বাস্তবায়নের নিমিত্তে বেসামরিক বিমান চলাচলের সুরক্ষা, নিরাপত্তা, নিয়ন্ত্রণ এবং এতদসংশ্লিষ্ট বিষয়ে যুগোপযোগী বিধান করার লক্ষ্যে Civil Aviation Ordinance, 1960 রহিতক্রমে বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ গত ১৯-০৭-২০১৭ তারিখে গেজেটে প্রকাশিত হয়েছে।

● International Civil Aviation Organization (ICAO) কর্তৃক পরিচালিত ICAO Validation Mission অডিট কার্যক্রমে বাংলাদেশ ICAO Safety Standard Compliance ইস্যুতে শতকরা ৭৫.৩৪ ভাগ EI (Effective Implementation) অর্জন করে। ২০১২ সালে অনুষ্ঠিত ICAO Validation Mission অডিট কার্যক্রমে যা ছিল মাত্র ৫০.০৮ ভাগ। Safety Standard Compliance ইস্যুতে অভূতপূর্ব এ সাফল্যের কারণে বাংলাদেশ 'আইকাও কাউন্সিল প্রেসিডেন্ট সার্টিফিকেট' লাভ করেছে।

● নতুন ২টি যাত্রীবাহী এয়ারলাইন্স, ৩টি হেলিকপ্টার সার্ভিস, ১টি কার্গো এয়ারলাইন্স, ২টি ফ্লাইং ট্রেনিং স্কুল এবং ১টি এরোনটিক্যাল ট্রেনিং কলেজ কার্যক্রম শুরু করেছে। বর্তমানে মোট ১৯টি দেশীয় বিমান সংস্থা অপারেশন পরিচালনা করছে।

● বর্তমানে ৩০টিরও অধিক বিদেশি এয়ারলাইন্স বাংলাদেশ হতে বহির্বিশ্বের বিভিন্ন দেশের ৩৭টি গন্তব্যে যাত্রী ও কার্গো সেবা পরিচালনা করছে। বর্তমানে প্রতি বছর ৬ মিলিয়নেরও অধিক যাত্রী বিমান পরিবহন সেবা গ্রহন করছে।

● প্রতিবেশী দেশ ভারতের সঙ্গে সম্পাদিত Air Traffic Services সংক্রান্ত Letter of Agreement (LoA) দীর্ঘদিন পর সংশোধন করে ২০১৩ সালে পুনরায় স্বাক্ষর করা হয়। এর ফলে এক দেশের আকাশ সীমা হতে অন্য দেশের আকাশ সীমায় উড়োজাহাজের প্রবেশের ক্ষেত্রে বিধিমালার আধুনিকায়ন হয়েছে এবং এয়ার ট্রাফিকের চলাচল আরো নিরাপদ ও ত্বরান্বিত হয়েছে।

● ২০১৪ সালে প্রতিবেশী দেশ মিয়ানমারের সঙ্গেও Air Traffic Services সংক্রান্ত Letter of Agreement (LoA) সম্পাদিত হয়েছে।

● বাংলাদেশের আকাশসীমায় উড্ডয়নরত এয়ার ট্রাফিকের সংখ্যা অত্যধিক পরিমাণে বেড়ে যাওয়ায় নিরাপদ এয়ার ট্রাফিক নিয়ন্ত্রনের সুবিধার্থে এরিয়া কন্ট্রোল সেন্টার-কে এরিয়া কন্ট্রোল সেন্টার (আপার) এবং এরিয়া কন্ট্রোল সেন্টার (লোয়ার)-এ দুটি ইউনিটে বিভক্ত করা হয়েছে। ফলে এয়ার ট্রাফিক কন্ট্রোলারদের কন্ট্রোলিং দক্ষতা বৃদ্ধি পেয়েছে।

● প্রাকৃতিক দুর্যোগ, যান্ত্রিক গোলযোগ কিংবা যে কোন কারণে বাংলাদেশ, ভারত কিংবা মিয়ানমার-এ ০৩টি দেশের যেকোন একটি দেশে Air Traffic Control Services প্রদান কাজ বিঘ্নিত হলে আকাশে উড্ডয়নরত এয়ার ট্রাফিকের নিরাপত্তার জন্য অন্য ০২টি প্রতিবেশী দেশের করণীয় বিষয়ক পরিকল্পনা "ATS Contingency Plan" রয়েছে। ২০১৩ সালে বাংলাদেশ ও ভারত একে অপরের "ATS Contingency Plan" অনুমোদন করেছে এবং ২০১৪ সালে বাংলাদেশ ও মিয়ানমার একে অপরের "ATS Contingency Plan" অনুমোদন করেছে।

## Other Achievements:

- The bilateral Air Services Agreements (ASA) have been signed for the first time with the United States, Canada, Turkey and Jordan. Currently, Bangladesh has ASA with 52 countries.

- 31 foreign airlines including 7 new airlines are operating their flights in Bangladesh.

- The policy regarding operations of Remotely Piloted Aircraft System (RPAS)/Drone has been published and uploaded on the CAAB website: www.caab.gov.bd after approval of the appropriate authority.

- Civil Aviation Authority Act, 2017 (Act No.3 of 2017) has been published in the form of gazette on 19th February 2017, repealing the Civil Aviation Authority Ordinance, 1985 to make it up-to-date.

- Civil Aviation Act, 2017 (Act No. 18 of 2017) has been published in the form of gazette on 19th July 2017, repealing the Civil Aviation Ordinance, 1960 to make safe, secure, protected and up to date regulations for the operation of civil aviation.

- In the International Civil Aviation Organization (ICAO) Validation Mission Audit Program 2017 Bangladesh achieved 75.34% EI (Effective Implementation) on the issue of Safety Standard Compliance of ICAO which was only 50.08 % in 2012. As such Bangladesh has achieved the 'ICAO Council President Certificate' in October 2018 for its unprecedented performance on Safety Standard Compliance Issue. Recently 2 (two) new passenger airlines, 3 helicopter services, 1 cargo airline, 2 flying training schools and 1 aeronautical training college have started their operations/functioning. At present 19 local airlines are operating their flights.

- Currently, more than 30 foreign airlines are operating their flights from Bangladesh to 37 different countries of the world, carrying passengers and cargos. More than 6 million passengers are receiving air transport services every year.

- The Letter of Agreement (LoA) on Air Traffic Services signed earlier with neighboring country, India had been signed again in 2013 after a long gap with minor revision. As a result, the flight operations rules between two countries have been updated for safe and smooth operations of air traffic.

- The Letter of Agreement (LoA) on Air Traffic Services with neighboring country, Myanmar had been signed in 2014 too.

- In order to facilitate safe air traffic control, the area control center at Dhaka has been divided into two units, Area Control Center (Upper) and Area Control Center (Lower) due to increased number of air traffic flying in the airspace of Bangladesh. As a result, controlling efficiency of Air Traffic Controllers has been increased.

- ATS Contingency Plan has been signed with neighboring countries, India and Myanmar in 2013 and 2014 respectively in order to ensure uninterrupted air traffic services during natural calamities, accident, incident, instrument/communication failure etc.



বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সচিব এবং বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ -এর চেয়ারম্যান কর্তৃক ICAO Council President এর নিকট হতে 'ICAO Council President Certificate' গ্রহণ

'ICAO Council President Certificate' being received by Secretary, Ministry of Civil Aviation and Tourism and Chairman, Civil Aviation Authority of Bangladesh from ICAO Council President



## টেকসই উন্নয়ন অভিষ্ট (লক্ষ্যমাত্রা) অর্জনে বেবিচক-এর কর্ম-পরিকল্পনা ২০২০ পর্যন্ত :

০১. কক্সবাজার বিমানবন্দরের রানওয়ে ৯,০০০ ফুট হতে ১২,০০০ ফুট পর্যন্ত বর্ধিতকরণ (জুলাই ২০১৮-জুন ২০২০)।

০২. চট্টগ্রাম শাহ্ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে বোর্ডিংব্রীজ স্থাপন ও কানেক্টিং করিডোর নির্মাণ (ডিসেম্বর ২০১৮-জুন২০২০)।

০৩. চট্টগ্রাম শাহ্ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে প্যারালাল ট্যাক্সিওয়ে নির্মাণ (জুলাই ২০১৯-জুন ২০২২)।

০৪. পিপিপি'র আওতায় খান জাহান আলী বিমানবন্দর নির্মাণ (জুলাই ২০১৯-জুন ২০২১)।

০৫. সিলেট ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দরে এপ্রোন ও কানেক্টিং ট্যাক্সিওয়ে নির্মাণ (ডিসেম্বর ২০১৮-জুন ২০২০)।

০৬. সিলেট ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দরে নতুন আন্তর্জাতিক টার্মিনাল ভবন নির্মাণ প্রকল্প (জানুয়ারি ২০১৯-জুন ২০২১)।

০৭. সৈয়দপুর বিমানবন্দর আপগ্রেডেশন প্রকল্প (জানুয়ারি ২০১৯-জুন ২০২১)।

০৮. বরিশাল বিমানবন্দর উন্নয়ন প্রকল্প (জুলাই ২০১৮-জুন ২০২১)।

০৯. বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সিএনএস-এটিএম সিস্টেম আধুনিকায়ন প্রকল্প (জুলাই ২০১৮-জুন ২০২১)।

১০. JICA-এর আওতায় আন্তর্জাতিক বিমানবন্দর সমূহের সিকিউরিটি ব্যবস্থার উন্নয়ন প্রকল্প (জুলাই ২০১৮-জুন ২০২০)।

১১. JICE-এর অর্থায়নে সামাজিক প্রোগ্রামের আওতায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে জননিরাপত্তা নিশ্চিতকল্পে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর সক্ষমতা বৃদ্ধি প্রকল্প (জুলাই ২০১৮-জুন ২০২০)।

## Action Plans Under Sustainable Development Goals (SDGs) of CAAB Up to 2020:

01. Extension of Runway from 9000 feet to 10,000 feet Cox's Bazar Airport (July 2018-June 2020)

02. Installation of Boarding Bridge and construction of connecting corridor at Shah Amanat International Airport, Chattogram (Dec 2018 –June 2020).

03. Construction of parallel Taxiway at Shah Amanat International Airport, Chattogram (July 2019 –June 2022).

04. Construction of Khan Jahan Ali Airport, Bagerhat under PPP (July 2019-June 2021)

05. Construction of apron and connecting taxiway at Osmani International Airport, Sylhet (Dec 2018- June 2020)

06. Construction of new International Terminal Building at Osmani International Airport, Sylhet (January 2019-June 2021)

07. Upgradation of Saidpur Airport (January 2019- June 2021)

08. Development of Barisal Airport (July 2018-June 2021).

09. Modernisation of CNS-ATM system of CAAB( July 2018- June 2021).

10. Security Improvement of International Airports in Bangladesh under JICA (July 2018- June 2020)

11. Enhancement of capacity of Civil Aviation of Bangladesh on public Security at Hazrat Shahjalal International Airport under JICE economic and social programme (July 2018- June 2020)

## টেকসই উন্নয়ন অভিষ্ট (লক্ষ্যমাত্রা) অর্জনে বেবিচক-এর কর্ম-পরিকল্পনা ২০২১-২০৩০ পর্যন্ত :

০১. কক্সবাজার বিমানবন্দরে প্রান্তিকভবন, কার্গোভিলেজ, এপ্রোন এবং আনুসঙ্গিক অবকাঠামো নির্মাণ।

০২. হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়)।

০৩. চট্টগ্রাম শাহ্ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে কার্গো ভবন সম্প্রসারণ।

০৪. চট্টগ্রাম শাহ্ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে বিদ্যমান রানওয়ে সম্প্রসারণ।

০৫. বঙ্গবন্ধু আন্তর্জাতিক বিমানবন্দর নির্মাণের লক্ষ্যে বিস্তারিত ইঞ্জিনিয়ারিং পরামর্শ সেবা প্রকল্প।

০৬. বঙ্গবন্ধু আন্তর্জাতিক বিমানবন্দর নির্মাণ প্রকল্প।

০৭. সৈয়দপুর বিমানবন্দর শাহ্ মখদুম বিমানবন্দর রাজশাহী, বরিশাল বিমানবন্দর এবং যশোর বিমানবন্দরে ক্যাটাগরী-১ আইএলএস (ইনস্ট্রুমেন্ট ল্যান্ডিং সিস্টেম) সরবরাহ, সংস্থাপন এবং কমিশনিং।

০৮. শাহ্ মখদুম বিমানবন্দর রাজশাহী, সৈয়দপুর বিমানবন্দর, বরিশাল বিমানবন্দর এবং যশোর বিমানবন্দরে পর্যায়ক্রমে এপ্রোচ রাডার (প্রাথমিকভাবে ৫০ নটিক্যালমাইল (NM) রেডিয়াস রেঞ্জএর) সরবরাহ, সংস্থাপন এবং কমিশনিং।

০৯. শাহ্ মখদুম বিমানবন্দর রাজশাহী, সৈয়দপুর বিমানবন্দর, বরিশাল বিমানবন্দর এবং যশোর বিমানবন্দরে বিদ্যমান ৬,০০০/৮,০০০ ফুট রানওয়ের দৈর্ঘ্যকে পর্যায়ক্রমে নূন্যতম ৬০ পিসিএন (পেভমেন্ট ক্ল্যাসিফিকেশন নাম্বার) শক্তি সম্পন্ন ১০,০০০ ফুট রানওয়েতে উন্নীতকরণ।

১০. ঈশ্বরদী বিমানবন্দর, ঠাকুরগাঁও বিমানবন্দর এবং লালমনিরহাট, বগুড়া, শমসেরনগর, কুমিল্লা, তেজগাঁও স্টল পোর্টসমূহে অপারেশন চালুকরণ।

১১. বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর অধীনে পাবলিক এভিয়েশন বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠাকরণ।

১২. পর্যায়ক্রমে সকল বিমানবন্দর সমূহে প্যারালাল ট্যাক্সিওয়ে নির্মাণ।

১৩. বাংলাদেশের বিমানবন্দর সমূহের ডিজিটাল মাস্টারপ্ল্যান প্রণয়ন।

১৪. বাংলাদেশের বিমানবন্দর সমূহের ইলেকট্রনিক এয়ারপোর্ট ম্যাপস/লেআউট প্ল্যান প্রণয়ন।

১৫. বাংলাদেশের বিমানবন্দর সমূহের ল্যান্ডস্কেপ ডিজাইন এবং সৌন্দর্যবর্ধন প্রকল্প গ্রহন ও প্রণয়ন।

১৬. বাংলাদেশের বিমানবন্দর সমূহের টেকসই ও সমন্বিত পয়ঃনিষ্কাশন এবং বর্জ্য ব্যবস্থাপনা উন্নয়ন প্রকল্প গ্রহন ও প্রণয়ন।

## Action Plans Under Sustainable Development Goals (SDGs) of CAAB From 2021 to 2030:

01. Construction of Terminal Building, Cargo Village, Apron and allied Infrastructure at Cox's Bazar Airport.
02. Hazrat Shahjalal International Airport, Dhaka Expansion Project (Phase-II)
03. Extension of Cargo Building at Shah Amanat International Airport, Chattogram
04. Extension of existing Runway at Shah Amanat International Airport, Chattogram
05. Detailed Engineering consultancy services for Construction of Bangabandhu Sheikh Mujib International Airport
06. Construction of Bangabandhu Sheikh Mujib International Airport
07. Supply, Installation and Commissioning of Category-1 ILS (Instrument Landing System) at Saidpur Airport, Shah Makhdum Airport, Rajshahi, Barishal Airport and Jashore Airport
08. Supply, Installation and Commissioning of Approach Radar with range 50 NM Radius initially at Shah Makhdum Airport, Rajshahi, Saidpur Airport, Barishal Airport and Jashore Airport gradually
09. Extension of existing runway of length 6000ft/8000ft of Domestic Airports at Rajshahi, Saidpur, Barishal and Jashore gradually up to 10000ft with minimum PCN 60
10. Operation of Ishurdi Airport, Thakurgaon Airport, Lalmonirhat STOL Port, Bogra STOL Port, Shamsher Nagar STOL Port, Comilla STOL Port and Tejgoan STOL Port
11. Establishment of Public Aviation University under CAAB
12. Gradual establishment of Parallel Taxiways at all Airports
13. Development of Digital Master Plans of all Airports in Bangladesh
14. Development of Electronic Airport Maps/Layout Plans of all Airports in Bangladesh
15. Landscape Design and Beautification of all Airports in Bangladesh
16. Development of Sustainable and Integrated Drainage and Waste management System at all Airports in Bangladesh

## উপসংহার :

বিশ্বের দ্রুত পরিবর্তনশীল এভিয়েশন প্রযুক্তির সাথে তাল মিলিয়ে ও ধারাবাহিকভাবে উদ্যোগ নিয়ে এবং সময়োপযোগী উন্নয়ন প্রকল্প গ্রহণ করে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ সামনের দিকে এগিয়ে চলেছে। আর এ কারণেই কর্তৃপক্ষ সার্বক্ষণিকভাবে বিমান বন্দরসমূহের বিভিন্ন সুবিধাদির প্রযুক্তিগত উন্নয়ন সাধন এবং যাত্রীদের নিরাপদ ও সুষ্ঠুভাবে চলাচলের নিমিত্তে সেবার মান উন্নয়ন করে যাচ্ছে। বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ বাংলাদেশে বিমান চলাচলে সুরক্ষা ও নিরাপত্তার নিমিত্তে ও ব্যবস্থাপনায় এভিয়েশন আইনসমূহ, বিধি বিধান, এয়ার নেভিগেশন অর্ডার ইত্যাদি সবসময় যুগোপযোগী করে থাকে এবং করে যাচ্ছে।

বিমান চলাচল বিষয়ে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সাথে বিভিন্ন সংস্থার বহুমুখি যোগাযোগ / সম্পর্ক রয়েছে। এ কর্তৃপক্ষ নিরাপদ, নিয়মিত ও দক্ষ এয়ার সার্ভিস প্রদান এবং বিমান পরিবহণ ব্যবস্থাপনায় সফল হওয়ায় বাংলাদেশের ভিতরে এবং বহিঃবিশ্বে তার নেতৃত্ব ক্রমাগত প্রশংসিত হচ্ছে। বিশ্বমানের সুরক্ষা ও নিরাপত্তা প্রদানে আন্তর্জাতিকমান বজায় রেখে বিমান চলাচল ব্যবস্থাপনায় কর্তৃপক্ষ অনেক বড় পরিবর্তন এনেছে এবং আনছে।

এ কারণে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ সুরক্ষা ও নিরাপত্তা বিষয়ক, বিমানবন্দর উন্নয়ন, পরিকল্পনা, এয়ার ট্রাফিক ব্যবস্থাপনা, রেডিও নেভএইডস্‌সহ সকল যন্ত্রপাতি, সিএনএস স্থাপনার হালনাগাদ তথ্য এবং অন্যান্য সকল কর্মকান্ডের তথ্য কর্তৃপক্ষের ওয়েব সাইট : **www.caab.gov.bd** -এ আপলোড করে রাখে। তাছাড়া কর্তৃপক্ষ সুরক্ষা ও নিরাপত্তা বিষয়ক সকল তথ্য সংগ্রহ করতঃ প্রশিক্ষণ, ওয়ার্কশপ ইত্যাদির মাধ্যমে কর্তৃপক্ষের মানদন্ড এবং ICAO SARPs অনুযায়ী তথ্য বিনিময়, বিশ্লেষণ, উন্নয়ন অগ্রগতি মূল্যায়ন, বাস্তবায়ন, রক্ষণাবেক্ষণ ইত্যাদি করে থাকে।

## Conclusion:

Civil Aviation Authority of Bangladesh is proceeding towards development by undertaking continuous initiatives and timely development projects to cope up with the rapidly changing aviation worlds. CAAB highlights the structure of aviation legislations, rules, ANOs, regulations etc. which of course gives directives in achieving/managing Civil Aviation safety and security in Bangladesh.

CAAB has also multidisciplinary relationships with different organizations related to civil aviation in which CAAB's unique leadership for safe, regular, efficient air services and air transportation within Bangladesh and rest of the world will continue to develop. It clarifies those activities dealing with the tremendous change for managing civil aviation safety to maintain the world class safety and security standards.

It is for this reason CAAB always plans to keep all documents regarding safety and security issues and airport developments, Plannings, ATM, Radio Navaids and other equipment including CNS installations up-to-date on the CAAB website **www.caab.gov.bd** and continue monitoring on safety data collections, security data collections, analysis and exchange, safety communications, trainings and evaluation for progressive developments, implementation and maintenance in accordance with National standards and ICAO SARPs.



বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের মন্ত্রী, সচিব এবং সিএএবি কর্তৃপক্ষ কর্তৃক 'ICAO Council President Certificate' মাননীয় প্রধানমন্ত্রীর কাছে হস্তান্তর।

'ICAO Council President Certificate' handover to Honourable Prime Minister by Minister, Secretary of 'Ministry of Civil Aviation and Tourism' and CAAB Authority.



সৈয়দপুর বিমানবন্দরের যাত্রী টার্মিনাল
Passenger Terminal Of Saidpur Airport



কক্সবাজার বিমানবন্দরের যাত্রী টার্মিনাল
Passenger Terminal Of Cox's Bazar Airport



যশোর বিমানবন্দরের যাত্রী টার্মিনাল
Passenger Terminal Of Jashore Airport



**Biman**
**BANGLADESH AIRLINES**

10 YEARS OF DEVELOPMENT

## বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড :

জাতীয় পতাকাবাহী প্রতিষ্ঠান হিসেবে 'বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড' দেশের অভ্যন্তরে ও বহির্বিশ্বে আকাশপথে পরিবহন ও যোগাযোগ ব্যবস্থায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। স্বাধীনতার পর বাঙালি জাতি স্বপ্ন দেখেছিল জাতীয় পতাকাবাহী নিজস্ব এয়ারলাইন্সের। বাঙালি জাতির স্বপ্ন পূরণে এগিয়ে আসেন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। স্বাধীনতা যুদ্ধে বিজয়ের পরপরই ৪ঠা জানুয়ারি ১৯৭২ সালে 'এয়ার বাংলা ইন্টারন্যাশনাল' নামে বিমান প্রতিষ্ঠা লাভ করে। ১৯৭৭ সালে অধ্যাদেশ নং-XIX (বাংলাদেশ বিমান কর্পোরেশন অর্ডিন্যান্স, ১৯৭৭)-এর মাধ্যমে বিমানকে 'বাংলাদেশ বিমান কর্পোরেশন' হিসেবে রূপান্তর করা হয়। সর্বশেষ ২৩ জুলাই, ২০০৭ তারিখে 'বিমান বাংলাদেশ এয়ারলাইন্স' লিমিটেড কোম্পানি হিসেবে নিবন্ধনভুক্ত হয়।

## Biman Bangladesh Airlines Limited

Biman Bangladesh Airlines Limited, the National flag carrier, plays a vital role in domestic and international air transport and communication. After liberation war the people of Bangladesh dreamt of an own airline as the national flag carrier. Bangabandhu Sheikh Mujibur Rahman, Father of the Nation, came forward to fulfill this dream of the nation. On 04 January, 1972 just immediate after the victory of Bangladesh through liberation war Biman was established as "Air Bangla International". In 1977 it was converted to "Bangladesh Biman Corporation" by the Ordinance no. XIX(The Bangladesh Biman Corporation Ordinance, 1977). Later on `Biman Bangladesh Airlines Limited' was registered as a Public Limited company on 23 July 2007.

## বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের লিমিটেড-এর গত ১০ বছরের উন্নয়ন কর্মকাণ্ডের তথ্য :

**বহর :**

৩১ ডিসেম্বর ২০১০-এ বিমান বাংলাদেশ এয়ারলাইন্সে সর্বমোট ১২টি উড়োজাহাজ ছিল। এর মধ্যে ০২টি এফ ২৮-৪০০, ০২টি ৭৩৭-৮০০, ০৩টি এ৩১০-৩০০, ০৪টি ডিসি ১০-৩০ এবং ০১টি ৭৭৭-২০০ ইআর। উক্ত সর্ময়ে বিমানবহরে প্রতিটি উড়োজাহাজের গড় বয়স ছিল ২২.৪০ বছর এবং বিমানের মোট আসন সংখ্যা ছিল ২৭৩৬টি।

বর্তমান সরকারের সার্বিক পৃষ্ঠপোষকতায় বিমানবহর উন্নয়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ কর্তৃপক্ষ সক্ষম হয়। ২৯ অক্টোবর ২০১৮ পর্যন্ত বিমানবহরে মোট ১৩টি উড়োজাহাজ আছে, তার মধ্যে ০৫টি ৭৭৭-৩০০ইআর, ০১টি ৭৮৭-৮, ০৪টি ৭৩৭-৮০০ এবং ০৩টি ড্যাশ-৮কিউ ৪০০ উড়োজাহাজ এবং বিমানবহরের উড়োজাহাজের মোট আসন সংখ্যা ৩,৫৪৫টি।

নভেম্বর ২০১৮-এ ০১টি ৭৮৭-৮ নিজস্ব এবং ডিসেম্বর ২০১৮-এ ০২টি ৭৩৭-৮০০ উড়োজাহাজ লিজ ভিত্তিতে বিমানবহরে সংযোজন করা হবে এবং লিজকৃত ০১টি ৭৭৭-৩০০ উড়োজাহাজ বিমানবহর হতে ডিসেম্বর ২০১৮-এ ফেইজ আউট করা হবে। ৩১ ডিসেম্বর ২০১৮-এ বিমানবহরে মোট ১৫টি উড়োজাহাজ থাকবে এবং বিমানবহরের প্রতিটি উড়োজাহাজের গড় বয়স দাঁড়াবে ৭.০৭ বছর। পাশাপাশি নতুন জেনারেশনের ৫টি উড়োজাহাজ (০২টি ৭৮৭-৮ এবং ০৩টি ড্যাশ ৮-কিউ ৪০০) জুন ২০২০ সালের মধ্যে বিমানবহরে সংযোজিত হবে। ৩০ জুন ২০২০-এ বিমানবহরে উড়োজাহাজের আসন সংখ্যা হবে ৪,০২৮টি।



## 10 years of Development of Biman Bangladesh Airlines Ltd.

### Fleet:

As on 31 December 2010, Biman Bangladesh Airlines had a fleet comprising of 12 aircraft. The fleet had 02 (two) F28-400, 02 (two) 737-800, 03 (three) A310-300, 04 (four) DC10-30 and 01 (one) 777-200ER. At that time, the average age of Biman fleet was 22.40 years per aircraft and the total number of seats of all aircraft was 2,736.

Having the visionary directives and greatest support of the Government ever, Biman has been able to make a fleet of all new generation aircraft. As on 29 October 2018, Biman fleet consists of 13 aircraft of which 05 (five) 777-300ER, 01 (one) 787-8, 04 (four) 737-800 and 03 (three) Dash8-Q400 and the total number of seats of all Biman aircraft is 3,545.

By November, 2018 one 787-8(own) and by December, 2018 two 737-800 aircraft on leased basis will be added to Biman fleet and one 777-300 aircraft will be phased out by December, 2018.

On 31 December 2018 Biman fleet will have 15 aircraft and the average age of Biman fleet will stand at 7.07 years per aircraft. Besides, 05 brand new aircraft 02 (two) 787-8 and 03 (three) Dash8-Q400NG are scheduled to join Biman fleet by June 2020. On 30 June 2020, the total number of seats of all Biman aircraft will be 4,028.




মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৫ সেপ্টেম্বর, ২০১৮ বিমান বহরে সংযোজিত বিশ্বের সর্বাধুনিক প্রযুক্তি সম্বলিত নতুন উড়োজাহাজ বোয়িং ৭৮৭-৮ ড্রিম লাইনার 'আকাশবীণা'-এর শুভ উদ্বোধন করেন।

Honourable Prime Minister Sheikh Hasina inaugurated the world's latest, high-tech, new Boing 787-8 Dreamliner 'Aakashbeena' on 5th September, 2018.

## নেটওয়ার্ক

- দীর্ঘ প্রায় ০৭ বছর যাবৎ স্থগিত থাকার পর ২০১৫ সালে বিমান অভ্যন্তরীণ রুটে ফ্লাইট পরিচালনা শুরু করে;
- যাত্রী সেবার মান বৃদ্ধি করার লক্ষ্যে টিকেট বিক্রয় ও আসন সংরক্ষণে পূর্ণ অটোমেশন পদ্ধতি চালু করা হয়েছে;
- ওয়েবসাইটে টিকেট ক্রয়ের সাথে সাথে যাত্রীগণের পছন্দ অনুযায়ী ইন্টারনেটের মাধ্যমে নির্দিষ্ট সিটও নির্বাচন করতে পারবেন;
- বৈমানিক ও কেবিন ক্রুদের উড়োজাহাজের দায়িত্ব সমভাবে বন্টনের জন্য Crew Scheduling Software চালু করা হয়েছে;
- আসন সংরক্ষণ ব্যবস্থায় স্বচ্ছতা নিশ্চিতকরণের জন্য রেভিনিউ ইন্টিগ্রিটি (RI) পদ্ধতি চালু করা হয়েছে;
- কম্পিটারাইজড রাজস্ব ব্যবস্থাপনা পদ্ধতি (RMS)-এর মাধ্যমে টিকেটের চাহিদা ও সরবরাহ নিশ্চিত করার মাধ্যমে আয় বৃদ্ধি করার কার্যক্রম চালু করা হয়েছে;
- বিমান পর্যায়ক্রমে নতুন উড়োজাহাজ সংগ্রহ সাপেক্ষে পুরাতন উড়োজাহাজ ফেইজ আউট করবে এবং লাভজনক রুটে ফ্রিকোয়েন্সি বৃদ্ধির মাধ্যমে আর্ন্তজাতিক রুটে ফ্লাইট সংখ্যা বৃদ্ধি করা হবে;
- বর্তমান সরকারের সার্বিক সহযোগিতায় ৩১ ডিসেম্বর ২০১৮ এর মধ্যে বিমান-এর একটি স্থিতিশীল বহর হবে। তৎপ্রেক্ষিতে বিমানের সাময়িক স্থগিতকৃত গন্তব্য যেমন; নিউ দিল্লি, নিউইয়র্ক, রোম ও টোকিও ইত্যাদি গন্তব্যে ফ্লাইট পরিচালনা করা সম্ভব হবে। এছাড়া নতুন গন্তব্য হিসেবে গোয়াংজু, মদিনা, কলম্বো ও মালে-তে বিমানের ফ্লাইট পরিচালনা করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

## Network

- In 2015, Biman resumed its domestic operation almost after 07 years of suspension.
- To increase quality of customer service, ticket sales system and seat reservation system has been made automation.
- Passengers can buy as well as reserve seat from internet/website as this like.
- Crew scheduling software has been established to make duty roaster for all Cockpit and Cabin crews equally and transparently.
- Revenue Integrity (RI) system has been introduced to make reservation system transparent.
- To increase revenue, Revenue Management System (RMS) is being used to ensure demand and supply of Biman tickets.
- During the period of gradual phase-out of old aircraft and induction of new generation aircraft, Biman concentrated more on continuing operation on its profitable sectors and also to increase the weekly frequencies to various international destinations.
- With continuous support of the present Government, Biman will have a stable fleet by 31 December 2018 and thereafter it will be able to resume operation to some temporarily suspended destinations like New Delhi, New York, Tokyo, Rome etc.; as well as to commence operation to some new destinations like Guangzhou, Medina, Colombo and Male'.




বোয়িং ৭৭৭-৩০০ইআর 'পালকি'
Boing 777-300ER 'The Palki'



২০১১ সালে ২৬ অক্টোবর মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিমান বহরে সংযোজিত প্রথম বোয়িং ৭৭৭-৩০০ 'পালকি'-এর শুভ উদ্বোধন করেন।
Hon'ble Prime Minister Sheikh Hasina inaugurated the first new Boeing 777-300ER 'Palki' in Biman fleet on 26 October, 2011.

## Call Centre চালুকরণ

• ফ্লাইট বিলম্বসহ বিমানের সার্বিক তথ্যসমূহ যথাসময়ে সম্মানিত যাত্রীদের অবগতির জন্য বিমানের বিপণন ও বিক্রয় পরিদপ্তর ১লা অক্টোবর ২০১৫ থেকে SMS সেবা চালু করেছে।

• ৭ মে ২০১৮ থেকে Call Centre শাখায় সম্মানিত যাত্রীগণ বিকাশ ও রকেটের মাধ্যমে টিকেটের টাকা জমাদানপূর্বক নতুন টিকেট সংগ্রহ ও এ সংক্রান্ত সকল তথ্য জানতে পারেন।

• ফ্লাইটের অধিকাংশ আসন GDS (Global Distribution System) এর মাধ্যমে এবং অল্প সংখ্যক আসন বিমানের বিভিন্ন Outlet থেকে সম্মানিত যাত্রীগণ ক্রয় এবং ফ্লাইট নিশ্চিত করে থাকেন।

## Biman Call Centre

• Biman Call Centre of Marketing & Sales Department starts SMS notification facilities to the passengers of disrupted flight to inform about delay/cancellation status from 1st October, 2015. Biman web passengers also get notification of Booking/Ticketing through SMS.

• Biman Call Centre starts booking, ticketing & related services over cellphone/landline and payment through Mobile Account of bkash & Rocket from 07 May, 2018. Call Centre issued tickets send to the passengers by using social media of whatsApp, Viber & Messenger.

• Biman distributes maximum booking/ticketing products through Global Distribution System-GDS and few booking/ticketing through Biman Sales outlet channel.

## Automated Ticket Re-issue and Refund সুবিধা চালুকরণ

১ জানুয়ারি, ২০১৫ হতে ট্রাভেল এজেন্সিগুলোকে অটোমেটেড টিকেট রি-ইস্যু ও রিফান্ড করার সুবিধা প্রদান করা হয়েছে। এতে করে সম্মানিত যাত্রীগণ বিমান অফিসে না এসে ট্রাভেল এজেন্সির মাধ্যমে তাদের টিকেট রি-বুকিং, রি-ইস্যু ও রিফান্ড করতে পারছেন।

## Automated Ticket Re-issue and Refund

Biman extended facilities to the BSP agents for ticket re-issuance and refund in GDS Booking platform from January, 2015. BSP/GDS agents can provide rebooking/refund services directly to their customers without connecting with Biman offices.

## Electronic Miscellaneous Document (EMD) চালুকরণ

১৫ মে, ২০১৫ হতে MCO এর পরিবর্তে Electronic Miscellaneous Document (EMD) এর প্রচলন শুরু হয়েছে। EMD দিয়ে যাত্রীগণ এয়ারপোর্ট আপগ্রেড ও অতিরিক্ত মালামালের ভাড়া পরিশোধসহ অন্যান্য সুবিধাগুলো উপভোগ করতে পারছেন।

## Electronic Miscellaneous Document-EMD

Biman started Electronic Miscellaneous Document-EMD from manual Miscellaneous Charges Order-MCO on May, 2015. Now Biman passengers are getting facilities to upgrade and excess baggage payment at the airport smoothly by issuing EMD.

## SITA Reservation Desk Top (SRDT) সংযোজন

১৭ এপ্রিল ২০১৭ থেকে বিমান SITA Reservation Desk Top (SRDT) ব্যবস্থার মাধ্যমে এজেন্টগণকে সরাসরি বিমান ইনভেন্টরির সাথে সংযুক্ত করে বিমানের টিকেট ইস্যু, রি-ইস্যু ও রিফান্ড করার ব্যবস্থা চালু করেছে।

## SITA Reservation Desk Top (SRDT)

Biman starts SITA Reservation Desk Top (SRDT) services to the Travel Agents as part of new distribution channel. Now agents are directly connected with Biman Reservation Inventory for booking, ticketing, rebooking, re-issuance of ticket easily from SRDT.




বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ০১ নভেম্বর ২০১০ তারিখে ইন্টারনেটের মাধ্যমে টিকেট বুকিং কার্যক্রম চালু করে। এর ফলে বিমান যাত্রীগণ অনলাইনে টিকেট বুকিং ছাড়াও হোটেল বুকিং, হলিডে প্যাকেজসহ অন্যান্য ভ্রমণ সংক্রান্ত তথ্য ও সেবা পাবেন।

Biman Bangladesh Airlines started ticket booking through internet from 1st November, 2010 (Internet Booking Engine-IBE). By introducing IBE, passengers can get information and to make booking ticket, hotels, holiday packages and other online services.

## Biman Holiday Wing চালুকরণ

ট্যুরিজমকে উৎসাহিত করা এবং কর্পোরেট সংস্থাগুলোকে আকৃষ্ট করার লক্ষ্যে অন্যান্য আন্তর্জাতিক এয়ারলাইন্স এর ন্যায় বিমানও সম্পূর্ণ অন-লাইন ভিত্তিক হলিডে প্যাকেজ www.bimanholidazs.com নামে পোর্টাল চালু করেছে। এর মাধ্যমে যাত্রী সাধারণ বিভিন্ন গন্তব্যে Hotel, Ground transportation, sight-seeing and local guidance সেবা গ্রহণ করতে পারছেন।

## Establishment of Biman Holiday Wing

Biman starts online Holiday Wing (www.bimanholidays.com) as like other airlines of the world to develop tourism and attract corporate customer from January, 2017. Biman passenger and customers are now facilitate to book hotel, ground transportation and tour package directly thorough online in all over the Biman network. Passenger/Customer can buy above services through online payment from anywhere.




বিমান গত ৩০ সেপ্টেম্বর ২০১২ সিলেট হতে লন্ডন প্রথম সরাসরি ফ্লাইট চালু করে।

Biman Bangladesh Airlines started direct flight from Sylhet to London on 30 September, 2012.



বাংলাদেশ ও কানাডা সরকারের মধ্যে ০১ আগস্ট ২০১৮ তারিখে জিটুজি ভিত্তিতে ড্যাস-৮ উড়োজাহাজ ক্রয়ের চুক্তি স্বাক্ষরিত হয়। বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সভাকক্ষে কানাডার Bombardier Inc. হতে তৈরী ৩টি Dash-8 Q400 NG উড়োজাহাজ ক্রয়ের চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব এ. কে. এম শাহজাহান কামাল এমপি। বিমানের পক্ষে বিমানের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এ এম মোসাদ্দিক আহমেদ ও কানাডিয়ান কমার্শিয়াল কর্পোরেশনের চেয়ারম্যান Carl Marcotte এ চুক্তিতে স্বাক্ষর করেন।

Bangladesh and Canada signed an agreement for 3 Dash8-Q400 aircraft on basis of GtoG on 1st August, 2018. Minister for Civil Aviation & Tourism A K M Shahjahan Kamal, MP was the Chief Guest in signing ceremony. On behalf of Biman Managing Director & CEO A M Mosaddique Ahmed and Canadian Commercial Chairman Mr. Carl Marcotte signed the agreement.



## বিমানের ভবিষ্যৎ পরিকল্পনা :

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ আগস্ট, ২০১৮ এ কানাডার কানাডিয়ান কমার্শিয়াল কর্পোরেশন (সিসিসি) এর সাথে বোম্বার্ডিয়ার ইনকর্পোরেশন এর প্রস্তুতকৃত ০৩ (তিন)টি ড্যাশ ৮ কিউ ৪০০ উড়োজাহাজ জি টু জি ভিত্তিতে ক্রয়ের জন্য চুক্তি স্বাক্ষর করে। জুন ২০২০ সালের মধ্যে বর্ণিত ০৩ (তিন)টি উড়োজাহাজ বিমানকে সরবরাহ করা হবে।

বিমানের ক্যাপাসিটি বৃদ্ধির জন্য আরও দুটি ৭৩৭-৮০০ উড়োজাহাজ দীর্ঘমেয়াদি ড্রাই লিজ ভিত্তিতে সংগ্রহের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। ডিসেম্বর ২০১৮ এর শেষ নাগাদ বিমান দুটি বহরে যুক্ত হবে মর্মে আশা করা যাচ্ছে।

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ লিজ/ক্রয়ের মাধ্যমে আরও উড়োজাহাজ সংগ্রহ করে ক্যাপাসিটি বৃদ্ধি করতে আগ্রহী। সে লক্ষ্যে বিমানের ১০(দশ) বছরের একটি ফ্লিট প্লান তৈরি করা হয়েছে যা বিমান ব্যবস্থাপনা কর্তৃপক্ষের বিবেচনাধীন রয়েছে।

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের ক্যাটাগরি-১ এ উত্তীর্ণ হওয়ার পরপরই নিউইয়র্কে ফ্লাইট চালু করার বিষয়টি পরিকল্পনাধীন আছে। এছাড়া, দিল্লি, হংকং ও টোকিওতে ফ্লাইট চালু এবং নতুন আন্তর্জাতিক গন্তব্য যেমন, গোয়াংজু, কলম্বো, মালে ও মদিনায় ভবিষ্যতে বিমানের সার্ভিস সম্প্রসারণের বিষয়টি পরিকল্পনাধীন রয়েছে। নতুন গন্তব্য যেমন, সিডনি, টরেন্টো ও জাকার্তায় ফ্লাইট চালুর বিষয়টিও বিমানের বিবেচনায় রয়েছে।

## Future Plan of Biman Bangladesh Airlines:

In August 2018, Biman signed an agreement with the Canadian Commercial Corporation (CCC) for purchasing 03 (three) Dash8-Q400 brand new aircraft, manufactured by Bombardier Inc.; under Government-to-Government (G-to-G) arrangement. All three aircraft will be delivered to Biman by June 2020.

To meet capacity requirement, Biman is in the process of acquiring 02 (two) more 737-800 aircraft from on long term dry lease basis. The aircrafts are expected to join Biman fleet by the end of December 2018.

Biman is aiming to increase its capacity through induction of more aircraft on lease/purchase basis. Accordingly, a 10-Year Fleet Requirement Plan has been prepared, which is under consideration of Biman Management.

Biman plans to resume its flights to New York in USA immediately after Civil Aviation Authority of Bangladesh is upgraded to CAT-1. Besides, Biman plans to resume its flights to Delhi, Hong Kong & Tokyo and extend its services to new international destinations like Guangzhou, Colombo, Male' and Medina in near future. Operation to new destinations like Sydney, Toronto and Jakarta are also under consideration.




বোয়িং ৭৭৭-৩০০ইআর 'পালকি'
Boing 777-300ER 'The Palki'


Biman
BANGLADESH AIRLINES




বাংলাদেশ পর্যটন করপোরেশন
**Bangladesh Parjatan Corporation**

10
YEARS OF DEVELOPMENT

## ভূমিকা :

জাতীয় পর্যটন সংস্থা হিসেবে বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর মুখ্য উদ্দেশ্য বাংলাদেশে পর্যটন শিল্পের পরিকল্পিত উন্নয়ন ও বিকাশ, পর্যটন সম্ভাবনাময় স্থানসমূহের অবকাঠামো উন্নয়ন, পর্যটন শিল্পে দক্ষ জনশক্তি সৃষ্টি করা, পর্যটকদের মানসম্মত সেবা প্রদান, বিদেশে ইতিবাচক ভাবমূর্তি তুলে ধরা ও দেশের পর্যটন সম্পদের বিকাশের পাশাপাশি এ শিল্পের বিভিন্ন অঙ্গনে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিসহ দেশের দারিদ্র্য বিমোচনে সহায়তা করা। পর্যটন শিল্পের উন্নয়ন ও বিকাশের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে ভূমিকা রাখার উদ্দেশ্যে সংস্থা গত ১০ বছরে (২০০৯-২০১৮) প্রায় ১০৪.৯১ কোটি টাকা ব্যয়ে মোট ২০টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করেছে। প্রকল্পগুলো বাস্তবায়নের মাধ্যমে দিনাজপুর, কুয়াকাটা, চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী, রংপুর, রাঙ্গামাটি, সিলেটের জাফলং ও চট্টগ্রামে পর্যটন সুবিধাদি প্রবর্তন/উন্নয়নসহ সংস্থার সকল ইউনিটসমূহকে ডিজিটাল পদ্ধতির আওতায় আনা হয়েছে।


## Introduction:

As a national tourism Organization, the foremost objectives of the Bangladesh Parjatan Corporation are to make a well-planned development of Bangladesh tourism industry, establish toruism infrastructure at the potential tourism sites, create skilled manpower in tourism sector, provide standard services to tourists, build a positive image of the country in abroad and create employment opportunity in different sectors of this industry for alleviating poverty. To play a contributing role to the socio-economic development of the country, BPC has implemented 20 development projects with the allocation of BDT 104.91 crore in last 10 years i.e. 2009-2018. With the implementation of these projects, tourism facilities have been introduced in Dinajpur, Kuakata, Chapainbabganj, Rajshahi, Rangpur, Rangamati, Chittagong and Jaflong of Sylhet. All these units have also been brought under the digital network.

## প্রকল্প সমূহের সংক্ষিপ্ত বর্ণনা :
## Summary of the Projects:

- ২০০৯ সালে সাগর কন্যা কুয়াকাটায় ১০.৯৬ কোটি টাকা ব্যয়ে ৫৯টি আবাসিক কক্ষ ও ২৫০ আসন বিশিষ্ট কনফারেন্স হল সুবিধাদি সম্বলিত পর্যটন মোটেল ও ইয়ুথ ইন নির্মাণ করা হয়েছে।

In 2009, a new Parjatan Motel and Youth Inn has been established at Kuakata- Daughter of the sea at the cost of BDT 10.96 crore which accomodates 59 borders and 250-seated Conference Hall.



ইয়ুথ ইন, কুয়াকাটা
Youth Inn, Kuakata



নির্মাণাধীন বাংলাদেশ পর্যটন করপোরেশনের প্রধান কার্যালয় ভবন,আগারগাঁও, ঢাকা
Under Construction BPC's Head Office Building at Agargaon, Dhaka

● ২০১২ সালে কিশোরগঞ্জ জেলার মসুয়ায় অবস্থিত সত্যজিৎ রায়ের (জমিদার) বাড়িতে ০.৫৯ কোটি টাকা ব্যয়ে সংস্কার ও একটি রেস্ট হাউজ নির্মাণ করা হয়েছে।

At the ancestral home of Satyajit Roy located in Musua of Kishoreganj, a rest house has been established and the jamindar Bari has also been renovated at the cost of BDT 0.59 crore in 2012.

● ২০১২ সালে চাঁপাইনবাবগঞ্জ জেলার সোনামসজিদ এলাকায় ৬.৩৫ কোটি টাকা ব্যয়ে ১৫টি আবাসিক কক্ষ, ৫০ শয্যা বিশিষ্ট ডরমেটরি ও ৫০ আসনের রেস্তোরাঁ ইত্যাদি সুবিধার সমন্বয়ে পর্যটন কমপ্লেক্স নির্মাণ করা হয়েছে।

A tourism complex has been established at Sonamasjid area of Chapainababganj district with the expenditure of BDT 6.35 crore in 2012. The facilities of the complex are 15 accommodations, a 50-seated dormitory and a 50-seated restaurant etc.

● ২০১২ সালে রাজশাহী পর্যটন মোটেলের ৪৫টি আবাসিক কক্ষ, ১০০ আসনের কনফারেন্স হল এবং ৫০ আসনের রেস্তোরাঁর ৩.৯৪ কোটি টাকা ব্যয়ে সংস্কার ও উন্নয়ন করা হয়েছে।

Repair and renovation work of existing facilities (45 accommodations, 100-seated conference hall and a 50-seated restaurant) of Parjatan Motel, Rajshahi was carried out in 2012. Total cost of the project was BDT 3.94 crore.



পর্যটন মোটেল, রাজশাহী
Parjatan Motel, Rajshahi

• ২০১২ সালে ৩.৪৫ কোটি টাকা ব্যয়ে রংপুর পর্যটন মোটেলের বিদ্যমান ৩৬টি আবাসিক কক্ষ, ১০০ আসনের কনফারেন্স হল এবং ১০০ আসনের রেস্তোরাঁর সংস্কার ও উন্নয়ন করা হয়েছে।

Repair and renovation work of existing facilities (36 accommodations, a 100-seated Conference Hall and a 100-seated restaurant) of Parjatan Motel, Rangpur was completed in 2012. Total cost of the project was BDT 3.45 crore.

• ২০১২ সালে চাঁপাইনবাবগঞ্জ জেলার সোনামসজিদ এলাকায় ৬.৩৫ কোটি টাকা ব্যয়ে ১৫টি আবাসিক কক্ষ, ৫০ শয্যা বিশিষ্ট ডরমেটরি ও ৫০ আসনের রেস্তোরাঁ ইত্যাদি সুবিধা সমন্বিত পর্যটন কমপ্লেক্স নির্মাণ করা হয়েছে।

A tourism complex has been established at Sonamasjid area of Chapainababganj district with the expenditure of BDT 6.35 crore in 2012. The facilities of the complex are 15 accommodations, a 50-seated dormitory and a 50-seated restaurant.

• ২০১৩ সালে দিনাজপুরের কান্তজির মন্দিরের কাছাকাছি ০.৮১ কোটি টাকা ব্যয়ে ২টি এসি বিশ্রাম কক্ষ এবং ৩০ আসনের রেস্তোরাঁর পর্যটন সুবিধা প্রবর্তন করা হয়েছে।

Tourist facilities at the Kantajeu Temple Area in Dinajpur district was installed in 2013 at the cost of BDT 0.81 crore. The created facilities are 2-AC rooms and a 30-seated restaurant.



পর্যটন মোটেল, দিনাজপুর
Parjatan Motel, Dinajpur

● ২০১৪ সালে সিলেটের জাফলং-এ ২.৯৭ কোটি টাকা ব্যয়ে ৪টি আবাসিক কক্ষ, ৫০ আসনের রেস্তোরাঁ এবং ২টি ওয়াস রুম সম্বলিত একটি মোটেল নির্মাণ করা হয়েছে।

In 2014, a Parjatan Motel with the facilities of 4-accommodations, a 50-seated restaurant and 2 rest-rooms were established in Jaflong at the cost of BDT 2.97 crore.

● ২০১৪ সালে রাঙ্গামাটিতে ৯.৭৫ কোটি টাকা ব্যয়ে ৪৮টি আবাসিক কক্ষ ও ১০০ আসনের রেস্তোরাঁ সুবিধাদি সম্বলিত একটি নতুন পর্যটন মোটেল নির্মাণ করা হয়েছে।

In 2014, a new Parjatan Motel with the facilities of 48-accommodation and a 100-seated restaurant has been established in Rangamati at the cost of BDT 9.75 crore.

● গত ২০১০-২০১৫ অর্থবছরে চট্টগ্রামস্থ মোটেল সৈকতের জায়গায় ৪৩.০২ কোটি টাকা ব্যয়ে ১৫৩টি আবাসিক কক্ষ ও ১০০ আসনের রেস্তোরাঁ সম্বলিত একটি হোটেল নির্মাণ করা হয়েছে।

In FY of 2010-2015, a hotel has been constructed at the vacant land of Motel Saikot with the cost of BDT 43.02 crore. The facilities are 153 accommodations, a 100-seated restaurant etc.




পর্যটন হলিডে কমপ্লেক্স, রাঙ্গামাটি
Parjatan Holiday Complex, Rangamati

● চলতি ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ অর্থবছরে চট্টগ্রামের আনোয়ারার পারকিতে ৬২.১১ কোটি টাকা ব্যয়ে ১৪টি কটেজ, ১০০ আসনের রেস্তোরাঁ, ৩০০ আসনের কনভেনশন হল, ১টি বার, ২টি পিকনিক সেড, ১টি সার্ভিস ব্লক, চেঞ্জিং ক্লোসেট, চিলড্রেন এ্যামিউজম্যান্ট পার্ক, কার পার্কিং ও বাগান সম্বলিত পর্যটন সুবিধাদি নির্মাণ কাজ চলমান আছে।

During 2017-2019FY a project at the cost of BDT 62.11 crore is being implemented at Parki of Anwara in Chattogram for installing facilities like 14-cottages, a 100-seated restaurant, a 300-seated Convention hall, 1 bar, 1 service block, changing closet, children amusement park, car parking and a beautiful garden.

● ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থবছরে নোয়াখালী জেলার হাতিয়া ও নিঝুম দ্বীপে ৪৯.৬৪ কোটি টাকা ব্যয়ে পর্যটন কেন্দ্র নির্মাণ কাজ চলছে। উল্লেখযোগ্য সুবিধাদি হচ্ছে হাতিয়ায় কটেজ, রেস্তোরাঁ, শিশু পার্ক ও অন্যান্য সুবিধাদি নির্মাণ এবং নিঝুম দ্বীপে কটেজ, রেস্তোরাঁ, পিকনিক সেড নির্মাণসহ ২ টি জলযান ক্রয় করা।

A project at the cost of BDT 49.64 crore during FY of 2018-2021 is being implemented at Hatia and Nijhum Dweep of Noakhali district for installing facilities like cottages, restaurants, Children Parks and picnic sheds and procurement of 2 water vessels etc.



মোটেল সৈকত, চট্টগ্রাম
Motel Saikot, Chattogram

● ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থবছরে চাঁপাইনবাবগঞ্জ জেলার মহানন্দায় শেখ হাসিনা সেতু সংলগ্ন এলাকায় ৪০.৩৮ কোটি টাকা ব্যয়ে ১টি কটেজ, ১টি রেস্তোরাঁ, পিকনিক সেড, আম বাগান, এ্যামিউজম্যান্ট পার্ক ইত্যাদি সমন্বয়ে পর্যটন কেন্দ্র নির্মাণের কাজ চলমান রয়েছে।

A project at the cost of BDT 40.38 crore during FY of 2018-2021 is being implemented at Mohananda of Chapainababganj district for installing facilities like 1 cottage, 1restaurant, picnic shed, amusement park and setting up mango orchard etc.

## পর্যটনের উন্নয়নে পর্যটন সম্ভাবনাময় স্থানসমূহের সম্ভাব্যতা সমীক্ষা :

প্রকল্পের আওতায় সমুদ্র কন্যা কুয়াকাটায় ওয়াচ টাওয়ার, পটুয়াখালী জেলার রাঙ্গাবালীর সোনারচরে বিশেষ পর্যটন অঞ্চল গঠন, কুয়াকাটা, তালতলী ও পাথরঘাটা-কে নিয়ে বিশেষ পর্যটন অঞ্চল গঠন, ভোলার মনপুরা ও চর কুকরী-মুকরী, টাঙ্গুয়ার হাওড়, সাতক্ষীরার মুন্সিগঞ্জ, পঞ্চগড়, নেত্রকোণার বিরিশিরি ও খালিয়াজুড়ি, চাঁপাইনবাবগঞ্জ এবং বরগুনা জেলার তালতলীতে পর্যটন সুবিধা প্রবর্তনের লক্ষ্যে বিস্তারিত সম্ভাব্যতা যাচাই করা হয়েছে। তার মধ্যে ০৮ টি প্রকল্প Financially Viable, ০৪টি প্রকল্প Conditionally Viable এবং ০৪ টি প্রকল্প Non Viable হিসেবে সমীক্ষা প্রতিবেদনে বিবেচিত হয়েছে। প্রকল্প ব্যয়ঃ ১.৯৯ কোটি টাকা, প্রকল্পের মেয়াদঃ জানুয়ারি ২০১৬ থেকে জুন ২০১৭।

## Feasibility Study for creating tourism facilities at the Potential Tourism sites of Bangladesh:

To create tourism facilities at different potential site of Bangladesh a detailed feasibility study was conducted during 2016-2017 at the cost of BDT 1.99 crore. The objectives of the feasibility study was to construct a Watch Tower in Kuakata, setting up Exclusive Tourist Zone at Sonarchar of Rangabali in Patuakhali , forming an Exclusive Tourist Zone with the areas of Monpura in Bhola, Char Kuri Mukri, Tangua Haor, Munshiganj of Satkhira, Panchhargar, Birisiri and Khaliajuri of Netrokna, Chapainababganj and Taltoli of Borguna. Among these sites of feasibility study, 08 projects were found viable, 04 conditionally viable and 04 non-viable.

## ডিউটি ফ্রি অপারেশন্স

দেশি-বিদেশি পর্যটক/যাত্রী সাধারণের নিকট বিক্রয়ের লক্ষ্যে স্থানীয় ঐতিহ্যবাহী পণ্য সামগ্রী যেমন-কারুপণ্য, জামদানী, কুমিল্লার খদ্দর, পিতলজাত সামগ্রী, হস্তশিল্পসহ সমাজে পিছিয়ে পড়া জনগোষ্ঠী কর্তৃক প্রস্তুতকৃত বিভিন্ন সামগ্রী বিপণিসমূহে সংযোজনকরণ করা হয়েছে। আগমনী যাত্রীদের চাহিদার প্রেক্ষিতে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরস্থ শপে বিশ্ববিখ্যাত খাদ্য সামগ্রী, চকলেট, বিভিন্ন ধরণের কসমেটিকস ও টয়লেট্রিজ বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। কাস্টম কর্তৃক জব্দকৃত মদ্য জাতীয় পানীয় সংগ্রহ করে বহির্গমন যাত্রীদের নিকট বিক্রয়ের এবং বিশেষভাবে সক্ষম কিশোরদের বিভিন্ন শুল্কমুক্ত বিপণিতে কাজে নিয়োজিত করা হয়েছে। অটোমেশন পদ্ধতিতে বিক্রয় কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। গত ৫ বছরে যেকোন সময়ের চেয়ে বিপণিসমূহে অধিক পরিমাণে আয় বৃদ্ধি হচ্ছে।

## Duty Free Operations

To introduce and promote our heritage and local products like handicrafts, Jamdani saree, Khoddor of Cumilla, brass items etc. to foreign /local passengers/tourists; BPC showcased those at their Duty Free Outlets (DFO) in different international airports of the country. For the convenience of tourist, BPC Also added some other items including chocolate, various kinds of cosmetics and toiletries etc. in the DFO at Arrival Lounge of HSIA. Initiatives have been taken to sell the seized alcohol items by Customs at the different shops of BPC's DFO. Special children of the society have been offered jobs at the Duty Free Shops of BPC. Automations facilities have installed at the DFO of BPC for better monitoring. The earnings from DFO has enhanced in last 05years.

## প্রবর্তিত সুবিধাদি :

প্রধান কার্যালয়সহ বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর সকল বাণিজ্যিক ইউনিট ডিজিটাল সিস্টেম/অটোমেশন এর আওতায় আনা।
প্রকল্প ব্যয়ঃ ৫.০১ কোটি টাকা
প্রকল্পের মেয়াদঃ ২০১৩ থেকে ২০১৫

## Programme/Activities:

Integration of Automation System of Bangladesh Parjatan Corporationt has been accomplished at the cost of BDT 5.01 crore in the FY of 2013-2015. All units of BPC work under this automation project.

## আর্থিক সংশ্লিষ্টতা :

সংস্থা গত ১০ বছরে (২০০৯-২০১৮) প্রায় ১০৪.৯১ কোটি টাকা প্রকল্প ব্যয়ে মোট ২০টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করেছে যা সরকারি অনুদানে বাস্তবায়িত হয়েছে।

## Financial Involvement:

During 2009-2018, as many as 20 development projects have been implemented by BPC at the cost of BDT 104.91 crore. These projects are being implmented with the government grants.

## আর্থ-সামাজিক সূচকে বিপিসি অবদান :

পর্যটন একটি বহুমাত্রিক ও শ্রমঘন শিল্প। এ শিল্প ব্যাপক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, নারীর অর্থনৈতিক উন্নয়ন, গ্রামীণ অর্থনীতিতে গতিশীলতা আনয়নসহ দারিদ্র্য বিমোচনে ব্যাপক ভূমিকা রাখে। এ শিল্পে অল্প পুঁজিতে অধিকতর মুনাফা অর্জন করা যায়। এ শিল্পের সাথে জড়িত বিভিন্ন সেক্টর যেমন- পরিবহন, হোটেল, মোটেল, রেস্তোরাঁ, রিসোর্ট, বিনোদন কেন্দ্র, পার্ক, এয়ারলাইন্স ও অন্যান্য যোগাযোগ মাধ্যম হতে সরকার প্রতিবছর বিশাল অঙ্কের টাকা ট্যাক্স, ভ্যাট, সার্ভিস চার্জ হিসেবে আয় করে থাকে যা অন্য যে কোন ভারী শিল্প থেকে প্রাপ্ত আয়ের চেয়ে বেশি। বাংলাদেশের মত উন্নয়নশীল দেশ পর্যটন শিল্পের মাধ্যমে প্রতিযোগিতামূলক বিশ্ব বাজারে আসন করে নিতে পারে। উল্লেখ্য, বাংলাদেশ পর্যটন করপোরেশন প্রতিবছর প্রায় ১৬০০ জন দক্ষ শ্রমিক তৈরি করছে; যারা পর্যটন শিল্পে কাজ করার মাধ্যমে দেশের আর্থ-সামাজিক অবস্থা পরিবর্তনে ভূমিকা রাখছে। বিভিন্ন তথ্য-উপাত্তের ভিত্তিতে বলা যায়, পরিকল্পিত উন্নয়ন হলে পর্যটন শিল্প একক ও বৃহত্তম বৈদেশিক মুদ্রা অর্জনকারী শিল্পে পরিগণিত হতে পারে। পর্যটন শিল্পের মাধ্যমে শহর হতে গ্রাম পর্যন্ত ব্যাপক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে দেশের বেকারত্ব দূর করা যায়। সর্বোপরি পর্যটন শিল্পের প্রসার ও উন্নয়নের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক অবস্থার ব্যাপক উন্নয়ন ঘটানো সম্ভব।

## BPC's Role in Socio-economic Development Index:

Tourism is a multi-dimensional and labour-intensive industry. This industry plays an important role in creating employment, empowering women economically, bringing positive change in rural economy and alleviating poverty in Bangladesh. Profit maximization with less investment can be made in this industry. Besides, the government can earn huge revenue as VAT and TAX from various sub-sectors of this industry such as transports, hotels, motels, restaurants, resort, amusement parks, airlines and other subsectors than that of any other heavy industries. The developing countries like Bangladesh can create opportunities at the global market through the tourism industry. Also to mentioned here that, NHTTI of BPC creates about 1600 skilled manpower every year, who are contributing in the socio-economic development of the country by working in this sector. Based on different information and data, it can be said that if tourism industry is propely developed in Bangladesh, it can be a single largest foreign exchange earning source. Thorough the tourism industry, huge employment can be created from urban to rural areas resulting in alleviating the poverty of the country. Moreover, a great socio-economic development of the country can be accomplished through the expansion and development of tourism industry.

## টেকসই উন্নয়ন অভিষ্ট (লক্ষ্যমাত্রা) অর্জনে পর্যটনের ভূমিকা :

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার টার্গেট ৮.৯.১ (Tourism direct GDP as a proportion of total GDP and in growth rate) এবং ১২.বি.১ (Number of sustainable tourism strategies or policies and implemented action plans with agreed monitoring and evaluation tools) অর্জনের জন্য বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের আওতায় তার অধীনস্থ সংস্থাসমূহ চলমান প্রকল্প ও কর্মসূচিসমূহের তদারকি ও মূল্যায়নের যথাযথ কার্যক্রম অব্যাহত রেখেছে। পর্যটন মহাপরিকল্পনা প্রণয়ন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে যাতে করে পর্যটন খাতে যথাযথ দিকনির্দেশনা, যৌক্তিকতা এবং অর্ন্তদৃষ্টি স্থাপনের মাধ্যমে স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদি কর্মপরিকল্পনার সাথে সংগতি রেখে টেকসই পর্যটন পরিকল্পনা ও নীতি প্রণয়ন করা সম্ভব হয়। এছাড়াও, পর্যটন ও বিমান পরিবহন সেক্টরে উলেখযোগ্য সংখ্যক উন্নয়ন প্রকল্প ও কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। বিদ্যমান অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বিমান রুট এর আধুনিকায়ন ও উন্নয়ন পর্যটন সেক্টরে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। এছাড়াও কমিউনিটি ট্যুরিজম-এর মাধ্যমে দেশের বিভিন্ন স্থানে উলেখযোগ্য সংখ্যক কর্মসংস্থানের সৃষ্টি এবং সচেতনতা বৃদ্ধির মাধ্যমে টেকসই পর্যটন নিশ্চিত করা সম্ভব হচ্ছে। উপরন্তু মাঠ প্রশাসনে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের মাধ্যমে বিনোদনের সুবিধাদি গড়ে তোলার প্রচেষ্টা গ্রহণ করা হচ্ছে। এ পর্যন্ত গৃহীত সকল কর্মসূচিই কর্মসংস্থান বৃদ্ধি এবং টেকসই উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হয়েছে।

## Role of Tourism on achiving Sustainable Developments (SDGs):

To achieve the target 8.9.1 (Tourism direct GDP as a proportion of total GDP and in growth rate) and 12.b.1 (Number of sustainable tourism strategies or policies and implemented action plans with agreed monitoring and evaluation tools) of SDGs, Different Agencies of Ministry of Civil Aviation and Tourism continue their efforts to monitor and evaluate the progress of the ongoing projects and programmers. Tourism Master Plan (TMP) has been taken which will provide comprehensive guidelines, rationales and insights to devise sustainable tourism plans and policies with short-term, mid-term and long-term action plans. Besides, a good number of programmers and projects in the field of aviation and tourism sector are also being implemented. Upgradation and improvement of existing facilities for domestic and international air connectivity is putting good contribution to boost up the growth of domestic and international tourism as well as domestic passenger satisfaction. Community Based Tourism (CBT) has created a good number of jobs in different places of the country and the awareness campaign carried out to promote sustainable tourism. In addition, resources are allocated to the field administration to create recreational facilities. Activities so far implemented have good potentials to create more employment and promote sustainable uses of natural and cultural products.





Bangladesh
Tourism Board
National Tourism Organization

10 YEARS OF DEVELOPMENT

## বাংলাদেশ ট্যুরিজম বোর্ড

**দেশের পর্যটন শিল্পের উন্নয়ন ও প্রসারে নিবেদিত জাতীয় পর্যটন সংস্থা**

অপার সম্ভাবনাময় বাংলাদেশের পর্যটন শিল্পকে বিশ্বব্যাপী প্রচারের উদ্দেশ্যে এবং দক্ষিণ এশিয়ার অন্যতম 'পর্যটন গন্তব্য' হিসেবে প্রতিষ্ঠা করার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার কর্তৃক বাংলাদেশ 'পর্যটন বোর্ড আইন, ২০১০'-এর ক্ষমতাবলে ২০১০ সালের সেপ্টেম্বর মাসে জাতীয় পর্যটন সংস্থা হিসেবে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড (বিটিবি) গঠন করা হয়। প্রতিষ্ঠার পর হতে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক দেশের পর্যটনের উন্নয়ন ও বিকাশ, পর্যটন শিল্পে নিয়োজিত জনবলের দক্ষতা উন্নয়ন, পর্যটন বান্ধব সামাজিক পরিবেশ সৃষ্টি, বহির্বিশ্বে বাংলাদেশের পর্যটন শিল্পের প্রচার, বিপণন ও আন্তর্জাতিক বিভিন্ন পর্যটন সংস্থার সাথে সমন্বয়পূর্বক বিভিন্ন কর্মসূচির আয়োজন ও আয়োজিত কর্মসূচিতে যোগদান করা হচ্ছে। জাতীয় অর্থনীতিতে পর্যটন শিল্পের ক্রমবর্ধমান অবদানকে উন্নীতকরণ, বহির্বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলকরণ ও বাংলাদেশকে দক্ষিণ এশিয়ার অন্যতম পর্যটন গন্তব্য হিসেবে গড়ে তোলাই জাতীয় পর্যটন সংস্থা হিসেবে বিটিবি-এর মূল লক্ষ্য। প্রতিষ্ঠার পর থেকেই বাংলাদেশ ট্যুরিজম বোর্ড দেশের পর্যটন উন্নয়ন ও প্রসারে বিভিন্ন কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করছে।

২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন অভীষ্ট (Sustainable Development Goals- SDGs) অর্জনে পর্যটন খাতকে অন্যতম মাধ্যম হিসেবে প্রতিষ্ঠার লক্ষ্যে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড জাতীয় পর্যটন সংস্থা হিসেবে তার উপর ন্যস্ত দায়িত্ব পালন, সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণ এবং সে অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করে চলেছে। দেশি-বিদেশি পর্যটকদের আকৃষ্ট করতে এবং পর্যটন কর্মকাণ্ডে স্থানীয় জনগণকে সম্পৃক্ত করে দেশের পর্যটন খাতের টেকসই উন্নয়নের লক্ষ্যে নিয়মিত কার্যক্রমের পাশাপাশি বাংলাদেশ ট্যুরিজম বোর্ড প্রতিবছর বিশেষ কর্মসূচি বাস্তবায়ন করছে। বিদেশে বাংলাদেশের উজ্জ্বল ভাবমূর্তি গড়ে তুলতে বিটিবি'র পক্ষ থেকে ইতোমধ্যে দেশে পর্যটন সংশিষ্ট বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার সাথে যৌথভাবে বেশ কয়েকটি আন্তর্জাতিক মানের পর্যটন ইভেন্ট আয়োজন করেছে।

## Bangladesh Tourism Board

**National Tourism Organization, dedicated to develop and promote tourism**

Given the potentials, the present government under the leadership of Hon'ble Prime Minister Sheikh Hasina, has established Bangladesh Tourism Board (BTB) under Bangladesh Tourism Board Act-2010 to establish Bangladesh as one of the popular tourist destination of south Asia. Bangladesh Tourism Board is working relentlessly to engage more and more people in tourism activities and making them aware of the benefits of tourism. In addition, BTB has also been organizing international events for creating a positive image of the country to the international communities.

To achieve the SDGs by 2030 Bangladesh Tourism Board under the supervision of the Ministry of Civil Aviation and Tourism is trying to perform its specific role as National Tourism Organization. As the National Tourism Organization, BTB is working with the objective of promoting Bangladesh tourism at home and abroad for branding Bangladesh as an attractive and Unique tourist destination in South Asia.



কক্সবাজার – পৃথিবীর দীর্ঘতম সমুদ্র সৈকত
Cox's Bazar - The Longest Sea Beach in the World

## উল্লেখযোগ্য কার্যক্রম ও সাফল্য :

- ২০১৭ সালের ফেব্রুয়ারিতে বাংলাদেশের ইতিহাসে প্রথমবারের মত "সিলভার ডিসকাভারার" নামক আন্তর্জাতিক ক্রুজ লাইনারের আগমন ঘটে এবং এর মাধ্যমে বাংলাদেশের আন্তর্জাতিক ওশান ক্রুজের সাথে সম্পৃক্তকরণ;
- ২৭ অক্টোবর ২০১৫ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কতৃক পর্যটন প্রচারণামূলক ক্যাম্পেইন 'ভিজিট বাংলাদেশ ২০১৬' এর আনুষ্ঠানিক উদ্বোধন
- সুন্দরবনে নিরাপদ ভ্রমণ নিশ্চিত করার লক্ষ্যে সুন্দরবনে ট্যুর পরিচালনায় নিয়োজিত ট্যুর অপারেটর, জাহাজ মালিক ও গাইডদের সমন্বয়ে প্রায় ২০০ জন স্টেকহোল্ডারদের অংশগ্রহণে ০১-০২ নভেম্বর ২০১৬ তারিখ ০২ দিন ব্যাপী প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়। তাদের মধ্যে থেকে সুন্দরবনে ট্যুর গাইড হিসেবে কাজ করতে আগ্রহী বেকার যুবকদের ১৫ দিন ব্যাপী উচ্চতর প্রশিক্ষণ প্রদানের জন্য তালিকাভুক্ত করা হয়।
- সম্ভাবনাময় নদী ভিত্তিক পর্যটনকে (River Tourism) কে বিশ্বব্যাপী পরিচিত করে তোলার লক্ষ্যে প্রচারণামূলক টেলিভিশন কমার্শিয়াল (TVC) "Beautiful Bangladesh- Land of Rivers" নির্মাণ ও দেশি বিদেশি মিডিয়াতে প্রচারের উদ্যোগ।
- আইসিসি টি -২০ ক্রিকেট ওয়ার্ল্ড কাপ ২০১৪-এ লোকাল পার্টনার হিসেবে অংশগ্রহণ এবং প্রচারণা কার্যক্রম।
- জনসাধারণকে বিশেষ করে যুব সম্প্রদায়কে পর্যটন কার্যক্রমে আগ্রহী করে তুলতে অনলাইনে পর্যটন ফটোগ্রাফি কমপিটিশন আয়োজন;
- রপ্তানি উন্নয়ন ব্যুরোর সাথে যৌথভাবে 11th SAARC Trade & Tourism Mart ২০১২ আয়োজন;
- নগরবাসীর মধ্যে দেশীয় সংস্কৃতি ও ঐতিহ্য সম্পর্কে আগ্রহ সৃষ্টি করার লক্ষ্যে ফোক ফেস্টিভাল ২০১৩ আয়োজন;
- আইসিসি ক্রিকেট ওয়ার্ল্ড কাপ ২০১১ উপলক্ষ্যে দেশে বিদেশে পর্যটন প্রচারণার উদ্দেশ্যে বিটিবি কর্তৃক প্রথম বারের মত পর্যটন বিষয়ক টেলিভিশন কমার্শিয়াল (TVC) 'Beautiful Bangladesh-The School of Life' নির্মাণ যা দেশে এবং বিদেশে ব্যাপকভাবে সমাদৃত হয়েছে;
- স্টেকহাল্ডারদের মধ্যে হেরিটেজ সংরক্ষণ সম্পর্কে সচেতনতা তৈরি করতে 'Conservation and preservation of Heritage sites and its promotion as the tourist Attractions' শীর্ষক কর্মশালা আয়োজন।



স্বর্ণ মন্দির, বান্দরবন
Bandarban Golden Temple




বিশ্ব পর্যটন দিবস ২০১৮ উদযাপন
Observation of World Tourism Day 2018




স্টেকহোল্ডারদের মধ্যে হেরিটেজ সংরক্ষণ সম্পর্কে সচেতনতা তৈরি করতে Conservation and preservation of Heritage sites and its promotion as the tourist Attractions শীর্ষক কর্মশালা আয়োজন;

**Conservation and preservation of Heritage sites and its promotion as the tourist Attractions** titled workshop organized to create awareness among stakeholders about the Heritage Conservation,



ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক ভাষা ইনস্টিটিউটের সহায়তায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের বহু ভাষা ভিত্তিক গাইড প্রশিক্ষণের সনদপত্র বিতরণ
Distribution of many language-based guide training certificates to university students by the cooperation of the International Language Institute of Dhaka University

## Achievements:

- First time appearance of the America based international ocean cruise liner 'Silver Discoverer' in the history of Bangladesh in the month of February 2017 included Bangladesh in the international ocean cruise as a tourism destination;
- Workshop organized for Sundarbans based tour operators, ship owners and tour guides on 01-02 November 2016 for ensuring the seamless and comfortable travel to the Sundarbans;
- 'Beautiful Bangladesh-the Land of Stories', another TVC produced after the successful promotion of the TVC 'Beautiful Bangladesh-the School of Life';
- Promotional TVC 'Beautiful Bangladesh-Land of Rivers' prepared for promoting River Tourism of Bangladesh at home and abroad;
- Promotional activities performed as the local partner of ICC T20 World Cup-2014 through outdoor branding, airing Television commercial (TVC), launching information center at airport and hotels at Dhaka, Chattogram and Sylhet;
- The online Photography Competition arranged on tourists attractions of the country to encourage people especially youth segment in tourism activities;
- The Folk Festival 2013 in Dhaka organized to create awareness among the city dwellers about our own culture and heritage;
- 11th SAARC Trade and Tourism Mart 2012 jointly organized with Export Promotion Bureau (EPB) for the promotion of tourism in south Asia region.
- Promotional activities performed as local partner of ICC Cricket world cup, 2011;
- Official announcement of 'Visit Bangladesh 2016' the promotional campaign of tourism by Hon'ble Prime Minister at the opening ceremony of International Buddhist circuit development conference held on 27 October 2015;
- Workshop on Conservation and preservation of Heritage sites and its promotion as the tourist Attractions held to create awareness among the public and private stakeholders;

## আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের পর্যটন

মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশের পর্যটন শিল্প তার কাঙ্ক্ষিত লক্ষ্যে এগিয়ে যাচ্ছে। গত ১০ বছরে পর্যটন শিল্পের মৌলিক পরিবর্তন সাধিত হয়েছে। বিশ্ব দরবারে পর্যটন শিল্প ক্রমশঃ সন্তোষজনক স্থান করে নিতে সক্ষম হচ্ছে। দেশের অভ্যন্তরীণ পর্যটন উন্নয়নের পাশাপাশি আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ে পর্যটন উন্নয়নে বাংলাদেশ নেতৃস্থানীয় ভূমিকা পালন করে চলেছে। স্বীকৃতি স্বরূপ বাংলাদেশ আন্তর্জাতিক বিভিন্ন ফোরামে বিভিন্ন সম্মানজনক পদে আসীন হয়েছে:

- ২০১৭-২০১৯ মেয়াদে বাংলাদেশ UNWTO Commission for South Asia (CSA)-এর চেয়ার নির্বাচিত হয়েছে;
- ২০১৫ সালে কলম্বিয়ায় অনুষ্ঠিত UNWTO এর ২১তম সাধারণ অধিবেশনের অন্যতম ভাইস প্রেসিডেন্ট হিসেবে বাংলাদেশ নির্বাচিত হয়;
- ২০১৮-২০১৯ মেয়াদে বাংলাদেশ ওআইসি পর্যটন মন্ত্রীদের ফোরামের চেয়ারম্যান নির্বাচিত হয়েছে;
- UNWTO কর্তৃক প্রণয়নকৃত Global Code of Ethics চূড়ান্তকরণের লক্ষ্যে ১২ সদস্য বিশিষ্ট এড-হক কমিটির অন্যতম সদস্য হিসেবে বাংলাদেশকে মনোনীত করা হয়;
- UNWTO Silk Road Program এর টাস্কফোর্স কমিটির অন্যতম সদস্য হিসেবে Silk Road Tourism উন্নয়নে বাংলাদেশ কাজ করে যাচ্ছে;
- দেশে ও বিদেশে পর্যটন শিল্পের উন্নয়নে বাংলাদেশের ধারাবাহিক এবং কার্যকর ভূমিকা ও সাফল্যের জন্য বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা তাদের বেশ কয়েকটি অনুষ্ঠান বাংলাদেশে আয়োজন করেছে;
- UNWTO এর সার্বিক সহায়তায় বাংলাদেশসহ দক্ষিণ এশিয়া ও দক্ষিণ পূর্ব এশিয়ায় বুদ্ধিস্ট সার্কিট ট্যুরিজম উন্নয়নের লক্ষ্যে ২০১৫ সালের অক্টোবর মাসে ঢাকায় International Conference on Developing of Sustainable and Inclusive Buddhist Heritage and pilgrimage Circuits in South-Asia's Buddhist Heartland in collaboration with UNWTO for promoting Buddhist circuit tourism of this region শীর্ষক সম্মেলন আয়োজন;
- কক্সবাজারকে বিশ্ব দরবারে পরিচিত করে তোলার লক্ষ্যে Pacific Asia Travel Association (PATA) এর সহায়তায় ২০১৬ সালের নভেম্বর মাসে কক্সবাজারে PATA New Tourism Frontiers Forum আয়োজন;
- ৫-৭ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে ঢাকায় 10th Islamic Conference of Tourism Ministers Meeting of OIC (ICTM) আয়োজন। ৫-৭ ফেব্রুয়ারি ২০১৮ সময়ে ঢাকায় অনুষ্ঠিত 10th Islamic Conference of Tourism Ministers (ICTM) সম্মেলনে OIC এর মহাসচিবের উপস্থিতি অনুষ্ঠানটিকে বিশেষ গুরুত্ব প্রদান করেছে। এসকল সাফল্য বিশ্বে বাংলাদেশের ইতিবাচক ভাবমূর্তি তৈরিতে সাহায্য করেছে এবং বাংলাদেশের পর্যটনকে বিশ্ব দরবারে স্থান করে নিতে সহায়তা করছে।




২০১৫ সালে কলম্বিয়ায় অনুষ্ঠিত UNWTO এর ২১তম সাধারণ অধিবেশনের অন্যতম ভাইস প্রেসিডেন্ট হিসেবে বাংলাদেশ নির্বাচিত হয়।
Bangladesh is elected as the Vice President of the 21st General Assembly of UNWTO held in Colombia in 2015.

## Bangladesh Tourism in International Arena

Bangladesh Tourism is moving ahead. Last ten years tourism in Bangladesh has accelerated on the right path under the leadership of Hon'ble Prime Minister Sheikh Hasina. Bangladesh is trying to portray itself as one of the popular destination in the world. Besides, Bangladesh is playing a leading role and working with other countries of the region for the development of regional and international tourism. Bangladesh has already been honoured with the prestigious positions of different world tourism forums:

- Bangladesh has been elected as the Chair of the UNWTO Commission for South Asia (CSA) for the period of 2017-2019 in the 22nd General Assembly of UNWTO held in Chengdu, China in September 2017;
- Bangladesh was been elected as Vice President of 21st Session of UNWTO General Assembly held in Colombia in the month of September 2015;
- Bangladesh is elected as the Chairman of OIC Tourism Ministers for the term of 2018-2019;
- Bangladesh was selected as one of the members of the Ad-hoc committee for finalizing the UNWTO Global code of ethics;
- Bangladesh is one of the members of the Task Force Committee of UNWTO Silk Road Program. For its leading role, Bangladesh has established a positive image in the world tourism arena. In recognition to the dynamic performance of Bangladesh Tourism Board, BTB got the opportunity to organize few international tourism events in collaboration with various international organizations in last 3 years;




২০১৫ সালের অক্টোবরে ঢাকায় UNWTO এর সহযোগিতায় দক্ষিণ এশিয়ার বৌদ্ধ ঐতিহ্য ও তীর্থযাত্রা পরিধি উন্নয়নের আন্তর্জাতিক সম্মেলন:

International Conference on Developing of Sustainable and Inclusive Buddhist Heritage and Pilgrimage Circuits in South Asia's Buddhist Heartland in collaboration with UNWTO at Dhaka in the month of October in 2015;




৫-৭ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে 10th Islamic Conference of Tourism Ministers Meeting of OIC (ICTM) ঢাকায় আয়োজন
10th Islamic Conference of Tourism Ministers of OIC (ICTM) at Dhaka held from 5-7 February 2018

- PATA New Tourism Frontiers Forum in collaboration with Pacific Asia Travel Association (PATA) at Cox's bazaar in November, 2016;
- 29th Joint Commission Meeting of UNWTO Commission for Asia and the Pacific (CAP) and the UNWTO Commission for South Asia (CSA) and UNWTO Regional Conference on Crisis Communication at Chittagong in May, 2017;
- 10th Islamic Conference of Tourism Ministers of OIC (ICTM) at Dhaka from 5-7 February 2018;
- 3rd ACD Ministerial Summit of tourism Ministers will be held at Dhaka in the first half of the year 2019.

The participation of the Secretary General of OIC in the 10th ICTM held in Dhaka in February 2018 heightened the status of the conference.

## উপসংহার :

পর্যটন শিল্পের উন্নয়ন ও প্রসারে বিটিবি-এর এই অগ্রযাত্রা ও সাফল্য ভবিষ্যতেও অব্যাহত থাকবে। পর্যটনের প্রচারণার ক্ষেত্রে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড ইতোমধ্যেই ডিজিটাল প্রযুক্তি ব্যবহার শুরু করেছে। খুব শীঘ্রই বিটিবি-এর পক্ষ থেকে ডিজিটাল প্রমোশনাল ক্যাম্পেইন কর্মসূচি গ্রহণ করা হবে। দেশের পর্যটন শিল্পের সার্বিক উন্নয়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের লক্ষ্যে বিটিবি-এর পক্ষ থেকে একটি পর্যটন মহা পরিকল্পনা (Master Plan) প্রণয়নের কাজ চলছে। এই মাস্টার প্লান অনুসরণ করে সরকারি-বেসরকারি স্টেক হোল্ডারদের সঙ্গে নিয়ে দেশের পর্যটন শিল্পকে দেশের অন্যতম আর্থিক খাত হিসেবে প্রতিষ্ঠা করতে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড তার উপর ন্যস্ত দায়িত্ব পালন করে যাবে।

## Conclusion:

Bangladesh tourism board will continue its journey onword with its planning and numerous activities to sustain the growth rate and advance the tourism industry to a satisfactory level. BTB has already taken initiatives to introduce the new promotional Technologies like Digital technology for the promotion of tourism. BTB will go for Digital promotional campaign very soon for attracting more tourists that are International. BTB is now working to prepare a Master Plan for country's tourism. After completion of the Master Plan, Bangladesh Tourism Board along with private stakeholders will be able to take more diverse activities to develop tourism sector to ensure its huge contribution to the national GDP .




বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড (বিএসএল)
Bangladesh Services Limited (BSL)

10
YEARS OF DEVELOPMENT

## ভূমিকা :

১৯১৩ সালের কোম্পানি আইন (১৯৯৪ সালে সংশোধিত)-এর আওতায় গঠিত বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়-এর নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড (বিএসএল) একটি পাবলিক লিমিটেড কোম্পানি। কোম্পানিটির ৯৯.৬৮% পরিশোধিত মূলধনের অংশীদার বাংলাদেশ সরকার এবং বাকী ০.৩২% শেয়ারের মালিক প্রাইভেট শেয়ার হোল্ডারগণ। কোম্পানি আইন ও মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস্ অব এসোসিয়েশন অনুসারে সরকার কর্তৃক মনোনীত ৯ (নয়) জন সদস্যের সমন্বয়ে গঠিত একটি পরিচালনা পর্ষদ বিএসএল-এর সার্বিক দায়িত্ব পালন করে আসছে। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় পদাধিকার বলে পরিচালনা পর্ষদের চেয়ারম্যান।

## Introduction:

Bangladesh Services Limited is a Government Owned Public Limited Company of Ministry of Civil Aviation & Tourism under Company Act, 1913 (Amended in 1994) which came into operation in 1973. The Government owns 99.68% of its share and the remaining 0.32% is owned by private shareholders. The Board of Directors of the company consists of 09 members are selected as per Memorandum and Articles of Association by the Government. The Secretary, Ministry of Civil Aviation and Tourism is the Chairman of the Board.

## গত ১০ (দশ) বছরে বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড (বিএসএল)-এর উন্নয়ন কার্যক্রম :

বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড স্বাধীনতা উত্তরকালে সর্বপ্রথম পাঁচ তারকা মানের হোটেল পরিচালনার মাধ্যমে হসপিটালিটি ব্যবসার সাথে সম্পৃক্ত হয়। বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড-এর নিয়ন্ত্রনাধীন হোটেলটি ১৯৮৩ সাল পর্যন্ত ইন্টার-কন্টিনেন্টাল হোটেলস কর্পোরেশন কর্তৃক ইন্টার-কন্টিনেন্টাল ঢাকা নামে, ১৯৮৪ সাল থেকে ২০১১ সাল পর্যন্ত স্টারউড এশিয়া প্যাসিফিক হোটেলস্ এন্ড রিসোর্টস প্রাইভেট লিমিটেড কর্তৃক ঢাকা শেরাটন হোটেল নামে এবং ২০১১ সাল থেকে ২০১৪ সাল পর্যন্ত রূপসী বাংলা হোটেল নামে বিএসএল কর্তৃক পরিচালিত হয়।

## Major Development Activities of BSL in last 10 years:

Bangladesh Services Limited has engaged in hospitality business by managing five star stanadard hotel after the independence. BSL started the hotel business in the name of Hotel InterContinental Dhaka upto 1983, 1984 to 2011 as Dhaka Sheraton Hotel by the Management Agreement with Starwood Asia Pacific Hotels & Resorts Pte. Ltd (Sheraton) and Ruposhi Bangla Hotel from 2011 to 2014 by BSL.

## উল্লেখযোগ্য উন্নয়ন কার্যক্রম :

- ইন্টারকন্টিনেন্টাল হোটেল গ্রুপস এশিয়া প্যাসিফিক প্রাইভেট লিমিটেড (আইএইচজি) -এর সাথে বিএসএল-এর মালিকানাধীন হোটেলের ব্যবস্থাপনা চুক্তি এবং রূপসী বাংলা হোটেলের সংস্কার কাজ সম্পন্ন করে ইন্টারকন্টিনেন্টাল ঢাকা নামে রিব্রান্ডিং;
- বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রটি (বিআইসিসি) পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য গণপূর্ত অধিদপ্তরের সাথে লিজ চুক্তি এবং সফলভাবে পরিচালনা;
- বলাকা ভিআইপি লাউঞ্জ-এর সংস্কার ও আধুনিকায়ন।

## Major Development Activities:

- Signed Management Agreement with InterContinental Hotels Group (IHG) and rebranded as "Inter Continental Dhaka" after completion of renovation works of former Ruposhi Bangla Hotel
- Signed agreement with Department of Public Works for management, maintanance and operation of Bangabandhu International Conference Centre (BICC) and successful in operation.
- Renovation and modernization of Balaka VIP Lounge.




বিএসএল-এর সাথে ইন্টারকন্টিনেন্টাল হোটেলস্ গ্রুপস এশিয়া প্যাসিফিক প্রাইভেট লিমিটেড (আইএইচজি)-এর হোটেল ব্যবস্থাপনা চুক্তি এবং রূপসী বাংলা হোটেলের সংস্কার কাজ সম্পন্ন করে 'ইন্টারকন্টিনেন্টাল ঢাকা' নামে রিব্রান্ডিং।

Signed Management Agreement with InterContinental Hotels Group (IHG) and rebranded as 'InterContinental Dhaka' after completion of renovation works of former Ruposhi Bangla Hotel.

গত ৩০-০৪-২০১১ তারিখে বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড (বিএসএল)-এর নিয়ন্ত্রনাধীন ঢাকা শেরাটন হোটেল পরিচালনার জন্য স্টারউড হোটেলস এন্ড রিসোর্ট-এর সাথে ব্যবস্থাপনা চুক্তির মেয়াদ উত্তীর্ণের পর সরকারের অনুমোদনক্রমে পাঁচ তারকা হোটেল পরিচালনাকারী বিশ্বব্যাপী সমাদৃত ইন্টারকন্টিনেন্টাল হোটেলস গ্রুপ এশিয়া প্যাসিফিক প্রাইভেট লিমিটেড (আইএইচজি)-এর সাথে ১৯-০২-২০১২ তারিখে ৩০ বছর মেয়াদী, পরবর্তীতে ৫ বছর করে ২ বার নবায়নযোগ্য ব্যবস্থাপনা চুক্তি স্বাক্ষর করে। চুক্তির শর্তানুসারে এর ব্র্যান্ড স্ট্যান্ডার্ড অর্জনের জন্য রূপসী বাংলা হোটেলের সংস্কার প্রকল্প গ্রহণ করা হয়। সংস্কার কাজ গত মার্চ ২০১৫ তারিখ হতে শুরু হয়। সংস্কার শেষে হোটেলটি **'ইন্টারকন্টিনেন্টাল ঢাকা'** নামে রিব্র্যান্ডেড করা হয়। গত ১৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'ইন্টারকন্টিনেন্টাল ঢাকা'-এর শুভ উদ্বোধন করেন।

After expiry of Management Agreement with Starwood Asia Pacific Hotels & Resorts Pte. Ltd (Sheraton) on 30 April 2011, BSL has signed a 30-years Management Agreement, consequitively two times renewable for 5 (Five) years, with world famous InterContinental Hotels Groups (IHG) on 19th February 2012 to Operate and Manage of its hotel with the approval of the Government. As per the agreement, the hotel is being renovated as per the brand standard of IHG. The renovation works started on March 2015. After renovation, the hotel rebarnded as **'InterContinental Dhaka'**. Honourable Prime Minister Sheikh Hasina inaugurated 'InterContinental Dhaka' on 13 September 2018.






বিএসএল-এর মালিকানাধীন প্রাক্তন রূপসী বাংলা হোটেল-এর সংস্কার কাজ সমাপ্তির পর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ১৩ সেপ্টেম্বর ২০১৮ ইং তারিখে 'ইন্টারকন্টিনেন্টাল ঢাকা' নামে হোটেলটি শুভ উদ্বোধন করেন।

Honourable Prime Minister of the Government of The People's Republic of Bangladesh Sheikh Hasina inauguarted 'InterContinental Dhaka' on 13 September 2018 after successfully renovated BSL owned ex Ruposhi Bangla Hotel.



পুরাতন ফ্রন্টডেস্কটির কলেবর বৃদ্ধিসহ বর্তমানে দৃষ্টি নন্দন এবং লাইটিং ও উপকরণাদির মাধ্যমে সুসজ্জিতকরণ।
Old Front desk's size increased, now nicely decorated with modern furniture, lights and amenities.





রিসেপশন লবি Reception Lobby





Grand Ruposhi Bangla Ballroom
গ্র্যান্ড রূপসী বাংলা বলরুম

Meeting Room
সভা কক্ষ



পুরাতন লবি ক্যাফে স্থানান্তর করে ডোম এরিয়াতে নতুনভাবে লাইটিং, ফার্নিচার, আর্ট, কিচেন ইকুইপমেন্ট, কফিশপ ও নতুন স্ট্যায়ার কেইচ সংযোজন করে দৃষ্টিনন্দন করা হয়েছে।

Old Lobby Cafe relocated to Dome area and beautification with adding newly decorative lights, Furnitures, Kitchen equipment, Art works, Coffe shops & new stair case.



## সুইমিং পুল (Swimming Pool) সংস্কারের পর :

- সুইমিং পুলটি নীচতলা থেকে তৃতীয় তলায় স্থানান্তর সহ জীম, স্পা, ষ্টীম এন্ড সাওনা, ইউগাডেগ, পুলবার ইত্যাদির মাধ্যমে একটি অত্যাধুনিক ও দৃষ্টিনন্দন হেল্‌থ ফেসিলিটি তৈরি করা হয়েছে।
- The Swimming Pool has relocated from ground floor to 2nd floor with Gym, Steam & Sauna, Yoga Deck, Pool Bar and modified into a modern & beautiful Heath Club facility.

## ড্রপ অপ ক্যানোপি, ল্যান্ড স্ক্যাপিং তৈরি এবং ওয়াটার ফিচার (Drop of Canopy, Attractive Land Scaping and Water Fiture):

- ল্যান্ডমার্ক ড্রপ অপ ক্যানোপি, একই পার্শ্বে ইন-আউটের সুবিধাসহ গেট নির্মাণ, ওয়াটার ফিচার ও আধুনিক ড্রাইভ ওয়ের মাধ্যমে ইন্টারকন্টিনেন্টাল ঢাকায় আধুনিক দৃষ্টিনন্দন ল্যান্ড স্ক্যাপিং তৈরি করা হয়েছে।
- A landmark Drop of Canopy automated Gates for in-out, attractive water fitures and modern drive way with nice landscaping has been created in Inter Continental Dhaka.

**আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রটি (বিআইসিসি) পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য গণপূর্ত অধিদপ্তরের সাথে লিজ চুক্তি এবং সফলভাবে পরিচালনা (Signed agreement with Department of Public Works for management, maintanance and operation of Bangabandhu International Conferance Centre (BICC) and successfully operate);**

বিএসএল গত ০১-০৭-২০১২ তারিখে গণপূর্ত অধিদপ্তরের সাথে সম্পাদিত ১০ বছর মেয়াদী চুক্তি অনুযায়ী বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রটি (বিআইসিসি) পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য লিজ গ্রহণ করে এবং সফলতার সাথে জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন সম্মেলন ও এক্সিজিভিশন পরিচালনা করে আসছে; যার মধ্যে উল্লেখযোগ্য Inter-Parliamentary Union (IPU), Commonwealth Parliamentary Association (CPA), Global Forum on Migration and Development (GFMD), Foreign Ministrial conference of Organization of Islamic Countries (OIC) etc.

BSL has taken lease from Department of Public Works for management, maintenance and operation of Bangabandhu International Conference Centre (BICC) in July 2012 and successfully hosted national and international conventions, exhibitions, etc. like Inter-Parliamentary Union (IPU), Commonwealth Parliamentary Association (CPA), Global Forum on Migration and Development (GFMD), Foreign Ministrial conference of Organization of Islamic Countries (OIC) etc.



ইন্টারকন্টিনেন্টাল ঢাকা
InterContinental Dhaka



গ্র্যান্ড রূপসী বাংলা বলরুম
Grand Ruposhi Bangla Ballroom




হোটেলস ইন্টারন্যাশনাল লিমিটেড (হিল)
Hotels International Limited (HIL)

10 YEARS OF DEVELOPMENT

## হোটেলস ইন্টারন্যাশনাল লিমিটেড (হিল)

প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেল বাংলাদেশের অন্যতম আইকনিক পাঁচতারকা হোটেল। হোটেলটি দেশে পর্যটন শিল্পের বিকাশে এবং অর্থনীতিতে যথেষ্ঠ অবদান রাখছে। পাঁচ তারকা এ হোটেলটির শতভাগ শেয়ার সরকারের। সরকার হোটেলটি পরিচালনা ও তত্ত্বাবধান করার জন্য হোটেলস ইন্টারন্যাশনাল লিমিটেড (হিল) নামে একটি কোম্পানি গঠন করে। সোনারগাঁও হোটেল পরিচালনার জন্য প্যান প্যাসিফিক হোটেলস এন্ড রিসোর্টস পিটিই লিমিটেড, সিংগাপুর এর সাথে হিল ২০১২ সালে ১০ (দশ) বছর মেয়াদী চুক্তি করে। এ জন্য তারা স্থূল পরিচালনা মুনাফা উপর ৯.৫% ফি নেয়।

বর্তমানে ১৮২ কোটি টাকা ব্যয়ে সোনারগাঁও হোটেলের সংস্কার কাজ চলছে। গত দশ বছরে বছরে হিল ২৩৯.৩৬ কোটি টাকা মুনাফা (ট্যাক্স ব্যতিত) অর্জন করেছে এবং ১৭৭.৪৩ কোটি টাকা রাজস্ব হিসেবে সরকারি কোষাগারে জমা দিয়েছে।

## Hotels International Limited (HIL)

Pan Pacific Sonargaon Hotel is one of the iconic five-star hotels in Bangladesh. The hotel has immense contribution to the growth of tourism and economy in Bangladesh. Government owns 100% share of the five-star hotel. Government constituted a company named "Hotels International Limited (HIL)" to manage and supervise the hotel. HIL has signed a 10 (ten) years agreement with Pan Pacific Hotels and Resorts Pte. Ltd. Singapore in 2012 for operating the Hotel.


The management of the hotel has allocated Tk. 182 crore for its renovation as it bare the mark of wear & tears of time. In the last 10 years, the company has earned a profit of Tk. 239.36 crore (after tax) and deposited of Tk. 177.43 crore to the government treasury as revenue.




ওয়েসিস এরিয়া, OASIS Area



সংস্কার কাজ শেষে লিফট লবি Lift Lobby After Renovation





নতুন স্পোর্টস বার New Sports Bar




সংস্কার কাজ শেষে হেলথ্ ক্লাব　Helth Club After Renovation





ঝর্ণা রেষ্টুরেন্ট　Jhorna Restaurant




বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Ministry of Civil Aviation & Tourism
Government of the People's Republic of Bangladesh